সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় ২০১৮-২০১৯অর্থবছেরর এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর সার সংক্ষপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয়অতিক্রান্তপ্রকল্পেরসংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ
১।	সমাজকল্যাণ মন্ত্রণালয়	০৮ টি	০৮ টি	-	--	০৮ টি	৮টি	১০০.০০% ২০০.০০%	-	৪.২৯% ৪০.৬%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০৮টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

ক্র: নং-	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	প্রকৃত বাস্তবায়নকাল
০১	এক্সটেনশন এন্ড মর্ডানাইজেশন অব ধর্মরাজিকা বৌদ্ধ মহাবিহার অডিটরিয়াম কমপ্লেক্স ফর দি অরফানস এন্ড আন্ডার প্রিভিলাইজড কমিউনিটি মেম্বারস অব দি সোসাইটি	১৯৩৯.৩৮	০১ নভেম্বর, ২০১৪ হতে ৩০ জুন, ২০১৯
০২	কন্সট্রাকশন অব ফাইভ স্টোরেড ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন সেন্ট্রাল অফিস কাম কমিউনিটি হল এট বালাশপুর ময়মনসিংহ (সংশোধিত)	৮৪৪.০০	০১ জুলাই, ২০১৩ হতে ৩০ মার্চ, ২০১৯
০৩	এক্সপানশন এন্ড ডেভলপমেন্ট অব প্রয়াস (ফেইজ-২) এট ঢাকা, ক্যান্টনমেন্ট (১ম সংশোধিত)	৬১৫৭.১৩	০১ জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০১৯
০৪	জামালপুর জেলায় সুইড স্কুল ভবন নির্মাণ	৫৪৪.১৭	০১ জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০১৯
০৫	এস্টাবলিশমেন্ট অব ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল, বাক্ষণবাড়িয়া	২০২৭.৭৭	০১ জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০১৯
০৬	ডেভেলপমেন্ট এন্ড মর্ডানাইজেশন অব পঞ্চগড় ডায়াবেটিক হসপিটাল	১০৪৭.২০	০১ জানুয়ারি, ২০১৭ হতে ৩০ জুন, ২০১৯
০৭	এস্টাবলিশমেন্ট অব শহীদ এটিএম জাফর আলম ডায়াবেটিক এ্যন্ড কমিউনিটি হসপিটাল, উখিয়া, কক্সবাজার (সংশোধিত)	২৫৪৮.৮৭	০১ জানুয়ারি, ২০১৭ হতে ৩০ জুন, ২০১৯
০৮	এস্টাবলিশমেন্ট অব মুন্সিগঞ্জ ডায়াবেটিক হাসপাতাল		০১ জানুয়ারি, ২০১৫ হতে ৩০ জুন, ২০১৯

৩।সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
কনস্ট্রাকশন অব ফাইভ স্টোরেড ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন সেন্ট্রাল অফিস-কাম কমিউনিটি হল এ্যাট বালাশপুর, ময়মনসিংহ (সংশোধিত)	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর স্মারক নং-৪৬.০২.৬১.০০০.০০.০০.০০.১৮.১৯৮০, তাং-০৬.০৫.২০১৮ মোতাবেক জানা যায় অত্র প্রকল্পের আওতায় গত অর্থ বছরে ৪৬.২৫ লক্ষ টাকা হতে ৮.০০ লক্ষ টাকা ব্যয়

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
	করা হয়েছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর স্মারক নং-৪৬.০২.৬১.০০০.০০.০০.১৮.১৯৭০/১(৪), তাং- ০৩.০৫.২০১৮ মোতাবেক (প্যাকেজ নং TWACOCCH/MYM/W-০১) ঠিকাদারদের সহিত চুক্তি বাতিল করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর স্মারক নং-৪৬.০২.৬১০০.০০০.০৮.০০১.১৮.৪৪১৮, তাং-০১.১০.২০১৮ যোগে পুনরায় ঠিকাদার নিয়োগ করা হয়। পুনরায় নতুন করে ঠিকাদার নিয়োগ করার পরে পুরাতন ঠিকাদার মালামাল বুঝিযে দিতে গড়িমসি করে। ৪র্থ কিস্তির অর্থ চাড়করণ না হওয়া।
জামালপুর জেলায় সুইড স্কুল ভবন নির্মাণ	নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া সমাপ্ত না হওয়ায় দরপত্র অনুমোদনসহ কার্যাদেশে প্রধান সম্ভব হয়নি, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদির কারণে প্রকল্পের কাজ বিলম্বে শুরু করা হয়, এডিপিতে অর্থ বরাদ্দের সংস্থানের ক্ষেত্রে রাজস্ব এবং মূলধন খাতের জটিলতা নিরসন করতে বিলম্ব হয় বিধায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
হাসপাতাল নির্মাণ, হাসপাতালের উন্নয়ন ও আধুনিকীকরণ সংশ্লিষ্ট প্রকল্পের অন্যতম একটি লক্ষ্য থাকে ৩০% গরীব, দুস্থ এবং সুবিধাবঞ্চিত রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা। পরিদর্শনকালে রেজিষ্ট্রি বই পর্যালোচনায় দেখা যায় সবক্ষেত্রেই যে ৩০% গরীব, দুস্থ এবং সুবিধাবঞ্চিত রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে যে তা সঠিকভাবে লিপিবদ্ধের বিষয়টি প্রতিপালিত হচ্ছে না।	গরীব, দুস্থ এবং সুবিধাবঞ্চিত ৩০% রোগীর বিনামূল্যে চিকিৎসা সেবার বিষয়টি যেন নিশ্চিত করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হল;
প্রকল্প সমাপ্ত হওয়ার ৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরণের নির্দেশনা থাকলেও প্রকল্প সমাপ্ত হওয়ার প্রায় ৩ বছর পর আইএমইডি কর্তৃক গৃহিত হয়। তাই, ভবিষ্যতে প্রকল্প সমাপ্ত হওয়ার ৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রেরণের বিষয়টি মন্ত্রণালয়কে নিশ্চিত করতে হবে;	প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে সমাপ্ত প্রকল্পের পিসিআর দাখিলের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তর কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন;
মূল ডিপিপি'র বাস্তবায়নকাল অনুযায়ী সম্পন্ন না হয়ে প্রকল্পটি বাস্তবায়ন পর্যায়ে সংশোধন ও প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্ধি হয় বেশিরভাগ প্রকল্পেই।	ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের শুরু থেকে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা করে নির্ধারিত মেয়াদে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

জামালপুর জেলায় সুইড স্কুল ভবন নির্মাণ শীর্ষক **প্রকল্পের** সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তি: জুন ২০১৯)

১। **প্রকল্পের নাম:** জামালপুর জেলায় সুইড স্কুল ভবন নির্মাণ।

২। **(ক) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ :** সমাজকল্যাণ মন্ত্রণালয়।
(খ) বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং গণপূর্ত অধিদপ্তর ও সুইড বাংলাদেশ।

৩। **প্রকল্পের অর্থায়ন:** বাংলাদেশ সরকারের অনুদান এবং সংস্থার নিজস্ব অর্থায়ন।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৮২৯.২৯	--	৫৪৪.১৭	জুলাই ২০১৬ হতে জুন ২০১৮	--	জুলাই ২০১৬ হতে জুন ২০১৯	-	১২ মাস (৫০%)

৫। **প্রকল্প এলাকা:**

বিভাগ	জেলা	উপজেলা
ময়মনসিংহ	জামালপুর	সদর উপজেলা

৬। **সাধারণ পর্যবেক্ষণ:**

৬.১ প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি: Society for the Welfare of the Intellectual Disabled Bangladesh (SWID Bangladesh) মূলত: বিশেষ (বুদ্ধি প্রতিবন্ধী, অটিস্টিক) শিশুদের বিশেষ স্কুলের মাধ্যমে বিনোদনমূলক সুবিধা যেমন-বিশেষ শিক্ষা, সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলার সুবিধা দিয়ে থাকে। বর্তমানে সুইড তার শাখাসমূহের মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে ১৩০টি স্কুলে প্রায় ১০,০০০ বুদ্ধি প্রতিবন্ধী শিশুদের সেবা প্রদান করছে। জামালপুর শাখার বুদ্ধি প্রতিবন্ধী এবং অটিস্টিক শিশুদের জন্য বিশেষ ধরনের স্কুলটি ১৯৮৭ সালে সুইড বাংলাদেশ প্রতিষ্ঠিত করে। এখানে বিভিন্ন জেলায় প্রতিবন্ধী যেমনঃ বুদ্ধি প্রতিবন্ধী, অটিস্টিক, ডাউন সিনড্রোম এবং সেরিব্রাল পালসিতে আক্রান্ত শিশুরা শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ এবং খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকান্ডে অংশগ্রহণের সুযোগ পাচ্ছে। একটি স্কুল প্রতিষ্ঠা করার জন্য বেসরকারি প্রচেষ্টায় আর্থ-সামাজিক খাতে গৃহীত প্রকল্পের সীমিত আকারে সরকারি সাহায্য প্রদানের নীতিমালার আওতায় জামালপুর জেলায় স্কুলটির ভবন নির্মাণ ও আনুসাংগিক সুবিধা প্রদানকল্পে ৮২৯.২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৬.২ প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের লালন পালনের জন্য তাদের পিতা-মাতা ও অন্যান্যদের, পাবলিক এবং প্রাইভেট পর্যায়ের প্রতিষ্ঠান ও ব্যক্তিগত পর্যায়ে পরিচালিত কার্যক্রমের সাথে যুক্ত করা;
- কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের মাধ্যমে বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তিদের মানসিক, সামাজিক এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন নিশ্চিতকরণের জন্য সহযোগিতা প্রদান;
- বিশেষ শিক্ষা, প্রশিক্ষণ, চাকুরির সুযোগ বৃদ্ধি করা যাতে বুদ্ধি প্রতিবন্ধী এবং অটিস্টিক শিশুরা যতদুর সম্ভব স্বাভাবিক জীবনযাপন করতে পারে এবং দেশের নাগরিক হিসেবে দায়িত্ব পালন করতে পারে; এবং

- বুদ্ধি প্রতিবন্ধী অটিস্টিক এবং down syndrome ব্যক্তিদের প্রশিক্ষণের মাধ্যমে সমাজে পুনর্বাসন এবং সমাজের মূল স্রোতধারায় অন্তর্ভুক্তকরণে সহযোগিতা করা।

৬.৩ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- আসবাবপত্র;
- কম্পিউটার ও সরঞ্জামাদি
- অফিস যন্ত্রপাতি;
- ভূমি ক্রয়;
- নির্মাণ কাজ (ভূমি উন্নয়নসহ)

৭। **প্রকল্পের অনুমোদন:** সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও সুইড বাংলাদেশ এর "জামালপুর জেলায় সুইড স্কুল ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ০৯/০৬/২০১৬ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয় ৮২৯.২৯ লক্ষ টাকা। এর মধ্যে জিওবি'র অংশ ৬৫৯.৭০ লক্ষ টাকা এবং প্রত্যাশী সংস্থা সুইড বাংলাদেশ এর অংশ ১৬৯.৫৯ লক্ষ টাকা। প্রকল্পটির অনুমোদিত মেয়াদকাল জুলাই ২০১৬ হতে জুন ২০১৮ পর্যন্ত।

৮। **ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন:** প্রকল্পটির আওতায় "পণ্য ও সেবা" ক্রয়ের ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা এবং Action Plan অনুযায়ী ভৌত নির্মাণ কাজ বাস্তবায়নের দায়িত্ব গণপূর্ত অধিদপ্তর-এর উপর। এপ্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর ৬ তলা ফাউন্ডেশনে ৪ তলা স্কুল ভবনের নির্মাণ কাজ বাস্তবায়ন করেছে।

৯। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

(খ) পিসিআর পর্যালোচনা;

(গ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১০। **<u>প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:</u>**

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকৃত অগ্রগতি			
			বাস্তব	আর্থিক			বাস্তব	আর্থিক		
				জিওবি	সংস্থা (SWID)	মোট		জিওবি	সংস্থা (SWID)	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
(ক) রাজস্ব ব্যয়:										
১.	কর্মকর্তার বেতন	জনমাস	২৪	-	৭.৯২	৭.৯২	৬০%		১৫.০০	১৫.০০
২.	কর্মচারীদের বেতন	জনমাস	৯৬	-	১৪.৪০	১৪.৪০				
৩.	ভাতাদি	জন	৫	-	২.৫২	২.৫২				
৪.	স্টেশনারি, সিল এবং স্ট্যাম্প	থোক	--	-	১.০০	১.০০	থোক	-	০.৮০	০.৮০
৫.	অনিয়মিত শ্রমিক	থোক	-	-	০.৫০	০.৫০	থোক	-	০.৪০	০.৪০
৬.	যানবাহন ভাড়া	থোক	-	-	৪.৮০	৪.৮০	থোক	-	২.১০	২.১০

ক্র: নং	অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকৃত অগ্রগতি			
			বাস্তব	আর্থিক			বাস্তব	আর্থিক		
				জিওবি	সংস্থা (SWID)	মোট		জিওবি	সংস্থা (SWID)	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
৭.	কমিটি মিটিং/কমিশন	থোক	-	-	২.৫০	২.৫০	থোক	-	২.২০	২.২০
৮.	অন্যান্য ব্যয়	থোক	-	-	২.৬০	২.৬০	থোক	-	১.৫০	১.৫০
উপ-মোট (রাজস্ব ব্যয়):					**৩৬.২৪**	**৩৬.২৪**		**-**	**২২.০০**	**২২.০০**
(খ) মূলধন খাতঃ										
৯.	কম্পিউটার ও সরঞ্জামাদি	সংখ্যা	২৭	-	১২.৭২	১২.৭২	৭২	-	১২.৭২	১২.৭২
১০.	অফিস যন্ত্রপাতি	সংখ্যা	৩৩	-	৩৫.১৯	৩৫.১৯	৩৩	-	৩৫.১৯	৩৫.১৯
১১.	আসবাবপত্র	সংখ্যা	৩৫৫	-	৩২.৯৪	৩২.৯৪	৩৫৫	-	৩২.৯৪	৩২.৯৪
১২.	ভূমি ক্রয়	একর	০.১৫	-	৫২.৫০	৫২.৫০	০.১৫	-	৫২.৫০	৫২.৫০
১৩.	ভবন নির্মাণ	বর্গমিটার	১৬৬৪.০৮	৬৫৯.৭০	-	৬৫৯.৭০	১৬৬৪.০৮	৪৫৩.৪৫	-	৪৫৩.৪৫
উপ-মোট (মূলধন ব্যয়):				**৬৫৯.৭০**	**১৩৩.৩৫**	**৭৯৩.০৫**		**৪৫৩.৪৫**	**১৩৩.৩৫**	**৫৮৬.৮০**
সর্বমোট (ক+খ):			**১০০%**	**৬৫৯.৭০**	**১৬৯.৫৯**	**৮২৯.২৯**	**৭৭%**	**৪৫৩.৪৫**	**১৫৫.৩৫**	**৬০৮.৮০**

তথ্যসূত্র: পিসিআর

- বর্ণিত অংগভিত্তিক অগ্রগতির তথ্যে প্রত্যাশী সংস্থা কর্তৃক রাজস্ব খাতে ২২.০০ লক্ষ টাকা, কম্পিউটার ও সরঞ্জামাদি বাবদ ১২.৭২ লক্ষ টাকা, অফিস যন্ত্রপাতি ক্রয় বাবদ ৩৫.১৯ লক্ষ টাকা, আসবাবপত্র ক্রয় বাবদ ৩২.৯৪ লক্ষ টাকা এবং জমি অধিগ্রহণ বাবদ ৫২.৫০ লক্ষ টাকাসহ মোট ১৫৫.৩৫ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে।
- প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ৬০৮.৮০ লক্ষ টাকা, যা মোট প্রকল্প ব্যয়ের ৬৫.৬২% এবং বাস্তব অগ্রগতি ৭৭%।

১১। **বছরভিত্তিক আরডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ ও অর্থ ব্যয় সংক্রান্ত তথ্যাদি:**

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান			সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি (জিওবি)	ব্যয়		
	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ		মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
২০১৬-২০১৭	৪০০.৪৭	৩২৯.৮৫	৭০.৬২	১৫৩.০০	১০০.০০	৫৩.০০	১০০.০০	১৫৩.০০	১০০.০০	৫৩.০০
২০১৭-২০১৮	৪২৮.৮২	৩২৯.৮৫	৯৮.৯৭	২৮৮.৭০	২৮০.০০	৮.৭০	২৮০.০০	২৮৮.৭০	২৮০.০০	৮.৭০
২০১৮-২০১৯	-	-	-	৩৮৭.৮৯	২৮০.০০	১০৭.৮৯	২০৯.৭৫	১০২.৪৭	৭৩.৪৫	২৯.০২
মোট:	**৮২৯.২৯**	**৬৫৯.৭০**	**১৬৯.৫৯**	**৮২৯.৫৯**	**৬৬০.০০**	**১৬৯.৫৯**	**৫৮৯.৭৫**	**৫৪৪.১৭ (৬৫.৬২%)**	**৪৫৩.৪৫ (৬৮.৭৩%)**	**৯০.৭২ (৫৩.৪৯%)**

তথ্যসূত্র: পিসিআর

- বর্ণিত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়-২০১৭-২০১৮ অর্থবছরের আরএডিপিতে ৫৬০.০০ লক্ষ টাকা বরাদ্দের সংস্থান থাকলেও পিসিআর-এ ২৮৮.৭০ লক্ষ টাকা দেখানো হয়েছে।

- প্রত্যাশী সংস্থা কর্তৃক বছরভিত্তিক মোট ব্যয় করা হয়েছে ৯০.৭২ লক্ষ টাকা। অথচ অংগভিত্তিক অগ্রগতির তথ্যে মোট ১৫৫.৩৫ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে।

১২। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: পিসিআর-এ প্রদত্ত তথ্যানুযায়ী অনুমোদিত অংগসমূহের বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

১৩। **প্রকল্প পরিদর্শন:** প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শনকালে জামালপুর জেলায় সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক ও প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকৌশলীগণ উপস্থিত থেকে সহযোগিতা করেছেন। সরেজমিনে পরিদর্শনকালীন পর্যবেক্ষণ ও অন্যান্য বর্ণনা নিম্নরূপ:

১৩.১ **হাসপাতাল ভবন নির্মাণ ও আনুসাংগিক কাজ:**

(ক) **অনুমোদিত কাজের পরিমাণ ও আর্থিক সংস্থান:** ডিপিপি অনুযায়ী ৬ তলা ফাউন্ডেশনে ৪ তলা পর্যন্ত হাসপাতাল ভবন (মোট আয়তন ১৬৬৪.০৮ বর্গমিটার) নির্মাণকল্পে অনুমোদিত ডিপিপিতে গণপূর্ত অধিদপ্তরের ২০১৪ সালের রেট সিডিউল মোতাবেক প্রাক্কলন করা হয় ৬৫৯.৭০ লক্ষ টাকা। এ অংগে ব্যয়িত হয়েছে ৪৫৩.৪৫ লক্ষ টাকা।

(খ) **দরপত্র ক্রয় সংগ্রহ প্রক্রিয়া:** সিভিল ওয়ার্ক, অভ্যন্তরীণ স্যানিটারি ও ইলেকট্রিফিকেশন কাজ বাবদ দাপ্তরিক প্রাক্কলন করা হয় ৪৩২.২১ লক্ষ টাকা। এ কাজে মোট ৫টি দরপত্র জমা পড়ে। ৫টি দরপত্রই রেসপনসিভ হিসেবে বিবেচিত হয়। সর্বনিম্ন দরদাতা হিসেবে ২০.৭৩% নিম্নদরে এম/এস আলম কন্সট্রাকশন এর অনুকূলে ৩৪২.৬০ লক্ষ টাকা চুক্তিমূল্য নির্ধারণ করা হয়। Performance Security রাখা হয় ৩৪.২৬ লক্ষ টাকা (১০%)। Notification of Award জারীর তারিখ ৩১/০১/২০১৭। চুক্তি স্বাক্ষরের তারিখ ১২/০২/২০১৭। চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ১১/০২/২০১৮। প্রকৃতপক্ষে কাজ সমাপ্তির তারিখ ১০/০৬/২০১৯। ভবন নির্মাণ কাজ বাবদ ব্যয় করা হয়েছে ৩৫৮.৮০ লক্ষ টাকা। প্যাকেজটি অনুমোদিত সময়ে সম্পন্ন করা সম্ভব হয়নি। সরকার কর্তৃক নির্ধারিত হারে ঠিকাদারের পরিশোধিত বিল হতে আয়কর কর্তন না করায় আয়কর বাবদ সরকারি রাজস্ব ক্ষতি ৮,৯০,৪৭১/- টাকা। এছাড়া পিপিআর-২০০৮ এবং দরপত্রের শর্ত মোতাবেক নির্মাণ কাজের অনুকূলে ঠিকাদার কর্তৃক বীমা না করায় সরকারি রাজস্ব ক্ষতি ২,৬৯,১০৩/- টাকা।

(গ) **সোলার প্যানেল স্থাপন: :** প্রকল্পের আওতায় সোলার প্যানেল বাবদ মোট ১০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ বাবদ ব্যয় করা হয়েছে ৯.৭৫ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঘ) **ডিপ টিউব-ওয়েল স্থাপন:** প্রকল্পের আওতায় ডীপ টিউব-ওয়েল স্থাপন বাবদ মোট ১০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ বাবদ ব্যয় করা হয়েছে ৩.৯২ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঙ) **আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার নির্মাণ:** প্রকল্পের আওতায় ১০ হাজার গ্যালন বিশিষ্ট আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার বাবদ মোট ৭.১০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ বাবদ ব্যয় করা হয়েছে ৬.৭০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(চ) **ভবনের ছাদে আরসিসি ওয়াটার ট্যাংক নির্মাণ:** প্রকল্পের আওতায় ২৫০০ গ্যালন বিশিষ্ট আরসিসি ওয়াটার ট্যাংক বাবদ মোট ৩.৫৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ বাবদ ব্যয় করা হয়েছে ৩.৪৫ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ছ) **কম্পাউন্ড ড্রেন নির্মাণ:** প্রকল্পের আওতায় কম্পাউন্ড ড্রেন বাবদ মোট ২.৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ বাবদ ব্যয় করা হয়েছে ২.৫০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(জ) **অভ্যন্তরীণ আরসিসি সড়ক নির্মাণ:** প্রকল্পের আওতায় ২৬.০১ বর্গমিটার অভ্যন্তরীণ আরসিসি সড়ক বাবদ মোট ০.৬৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ বাবদ ব্যয় করা হয়েছে ০.৬৫ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঝ) **বাউন্ডারি ওয়াল নির্মাণ:** প্রকল্পের আওতায় ১০৬.৬৩ রানিং মিটার বাউন্ডারী ওয়াল বাবদ মোট ৭.১৪ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ বাবদ ব্যয় করা হয়েছে ৭.১৪ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঞ) **আরবরিকালচার:** আরবরিকালচার বাবদ ০.৫০ লক্ষ (প্রত্যাশী সংস্থা) টাকা সংস্থানের বিপরীতে ব্যয় করা হয়েছে ০.৫০

লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ট) **লিফ্ট ক্রয় (১টি, ৪৫০ কেজি):** প্রকল্পের আওতায় ১টি লিফ্ট বাবদ ৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলন করা হয়। নির্মিত ভবনে ১টি লিফ্ট ক্রয় ও স্থাপন বাবদ ব্যয় করা হয়েছে ৩২.৭০ লক্ষ টাকা।

১৩.২ **৬০ কেভিএ জেনারেটর ক্রয়:** ৬০ কেভিএ জেনারেটর ক্রয় বাবদ ডিপিপি'র সংস্থান রয়েছে ১৮.০০ লক্ষ টাকা। Notification of Award জারীর তারিখ ২৯/০৩/২০১৮। চুক্তি স্বাক্ষরের তারিখ ২৫/০৪/২০১৮। চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ২৪/১০/২০১৮। চুক্তিমূল্য ১৫.৭৪ লক্ষ টাকা। এ অংগে ব্যয় করা হয়েছে ১৫.৭৪ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৩.৩ **১০০ কেভিএ সাব-স্টেশন যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন:** ১০০ কেভিএ সাব-স্টেশন যন্ত্রপাতি ক্রয় বাবদ ডিপিপি'র সংস্থান রয়েছে ২৫.০০ লক্ষ টাকা। Notification of Award জারীর তারিখ ০৯/০৩/২০১৮। চুক্তি স্বাক্ষরের তারিখ ০৭/০৫/২০১৮। চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ২৪/০৪/২০১৯ ও চুক্তিমূল্য ১৬.৮৩ লক্ষ টাকা। অতিরিক্ত সময় প্রয়োজন হয়েছে ২৯৮ দিন। নির্ধারিত সময়ে পণ্য সরবরাহে ব্যর্থ হওয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে ১,৬৬,৩৮২/- টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৩.৪ **প্রত্যাশী সংস্থার অর্থে ক্রয়:** প্রকল্পটি অনুকূলে প্রত্যাশী সংস্থা কর্তৃক ১৬৯.৫৯ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পিসিআর-এ ব্যয়িত তথ্য পর্যালোচনায় দেখা যায় প্রত্যাশী সংস্থা কর্তৃক ব্যয় করা হয়েছে ৯০.৭২ লক্ষ টাকা, যা সংস্থানকৃত অর্থের ৫৩.৪৯%। উক্ত অর্থ প্রকল্প পরিচালক এর মাধ্যমে ক্রয় না করে প্রত্যাশী সংস্থা কর্তৃক পণ্য ক্রয় সম্পন্ন করা হয়েছে। ফলে প্রকল্প পরিচালক কর্তৃক নিম্নের অংগগুলির ক্রয় সংক্রান্ত কোন তথ্য সরবরাহ করতে পারেননি।

(ক) **ভূমি অধিগ্রহণ:** প্রকল্পের আওতায় ০.১৫ শতাংশ জমি অধিগ্রহণ বাবদ মোট ৫২.৫০ লক্ষ (প্রত্যাশী সংস্থা) টাকার সংস্থান রাখা হয়। ০.১৫ শতাংশ জমি অধিগ্রহণ বাবদ ব্যয় করা হয়েছে ৫২.৫০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(খ) **কম্পিউটার এবং যন্ত্রাংশ ক্রয়:** প্রকল্পের আওতায় ২৭টি কম্পিউটার এবং যন্ত্রাংশ বাবদ মোট ১২.৭২ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ সংস্থানের বিপরীতে ব্যয় করা হয়েছে ১২.১২ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(গ) **অফিস যন্ত্রপাতি:** প্রকল্পের আওতায় ৩৩টি অফিস যন্ত্রপাতি বাবদ ৩৫.১৯ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ সংস্থানের বিপরীতে ব্যয় করা হয়েছে ৩৫.১৯ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঘ) **আসবাবপত্র:** প্রকল্পের আওতায় মেডিকেল আসবাবপত্র (৩৫৫টি) বাবদ মোট ৩২.৯৪ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। ৩৫৫টি আসবাবপত্র ক্রয় বাবদ ব্যয় করা হয়েছে ৩২.৯৪ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৪। **অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত:**

ক্র: নং	অর্থবছর	আপত্তির বিবরণ	জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তি সংক্রান্ত
১	২০১৭-২০১৮	সরকার কর্তৃক নির্ধারিত হারে ঠিকাদারের পরিশোধিত বিল হতে আয়কর কর্তন/আদায় না করায় আয়কর বাবদ সরকারি রাজস্ব অনাদায়ী।	৮,৯০,৪৭১/-	অদ্যাবধি নিষ্পত্তি হয়নি
২		পিপিআর-২০০৮ এবং দরপত্রের শর্ত মোতাবেক নির্মাণ কাজের অনুকূলে ঠিকাদার কর্তৃক বীমা না করায় সরকারি রাজস্ব ক্ষতি।	২,৬৯,১০৩/-	
৩		নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত করতে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে জরিমানা বাবদ আদায়যোগ্য অর্থ।	১৮,৫০,২০২/-	

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালক-এর নাম		মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
					হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
০১	জনাব সওকত আলী হায়দার	জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর উপ-পরিচালক	০১/০৭/২০১৬ হতে ১৫/১০/২০১৬	অতিরিক্ত	না	-
০২	জনাব মো: শাহ আলম	জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর উপ-পরিচালক	১৫/১০/২০১৬ হতে ১১/১২/২০১৬	অতিরিক্ত	না	-
০৩	জনাব মো: আবু তাহের	জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর উপ-পরিচালক	১১/১২/২০১৬ হতে ১৫/০১/২০১৭	অতিরিক্ত	না	-
০৪	জনাব মো: শাহ আলম	জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর উপ-পরিচালক	২৩/০১/২০১৭ হতে ১৯/০৬/২০১৭	অতিরিক্ত	না	-
০৫	জনাব মো: নাসির উদ্দিন	জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর উপ-পরিচালক	১৯/০৬/২০১৭ হতে ১৯/১০/২০১৭	অতিরিক্ত	না	-
০৬	জনাব মো: শাহ আলম	জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর উপ-পরিচালক	১৯/১০/২০১৭ হতে ২১/১০/২০১৭	অতিরিক্ত	না	-
০৭	জনাব গোলাম মোস্তফা	জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর উপ-পরিচালক	২১/১০/২০১৭ হতে সমাপ্তি পর্যন্ত	অতিরিক্ত	না	-

১৬। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
(ক)	শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের লালন পালনের জন্য তাদের পিতা-মাতা ও অন্যান্যদের, পাবলিক এবং প্রাইভেট পর্যায়ের প্রতিষ্ঠান ও ব্যক্তিগত পর্যায়ে পরিচালিত কার্যক্রমের সাথে যুক্ত করা;	(ক)	শারিরীক প্রতিবন্ধী ব্যক্তিদের লালন পালনের জন্য তাদের পিতা-মাতা ও অন্যান্যদের, পাবলিক এবং প্রাইভেট পর্যায়ের প্রতিষ্ঠান ও ব্যক্তিগত পর্যায়ে পরিচালিত কার্যক্রমের সাথে যুক্ত করা হয়েছে;
(খ)	কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের মাধ্যমে বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তিদের মানসিক, সামাজিক এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন নিশ্চিতকরণের জন্য সহযোগিতা প্রদান;	(খ)	কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের মাধ্যমে বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তিদের মানসিক, সামাজিক এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন নিশ্চিতকরণের জন্য সহযোগিতা প্রদান অব্যাহত রয়েছে।
(গ)	বিশেষ শিক্ষা, প্রশিক্ষণ, চাকুরি সুযোগ বৃদ্ধি করা যাতে বুদ্ধি প্রতিবন্ধী এবং অটিস্টিক শিশুরা যতদুর সম্ভব স্বাভাবিক জীবনযাপন করতে পারে এবং দেশের নাগরিক হিসেবে দায়িত্ব পালন করতে পারে; এবং	(গ)	বিশেষ শিক্ষা, প্রশিক্ষণ, চাকুরি সুযোগ বৃদ্ধি করা যাতে বুদ্ধি প্রতিবন্ধী এবং অটিস্টিক শিশুরা যতদুর সম্ভব স্বাভাবিক জীবনযাপন করতে পারে এবং দেশের নাগরিক হিসেবে দায়িত্ব পালন করতে পারে; এসকল কার্যক্রম চলমান থাকবে; এবং
(ঘ)	বুদ্ধি প্রতিবন্ধী অটিস্টিক এবং down syndrome ব্যক্তিদের প্রশিক্ষণের মাধ্যমে সমাজে পুনর্বাসন এবং সমাজের মূল স্রোতধারায় অন্তর্ভুক্তকরণে সহযোগিতা করা।	(ঘ)	প্রশিক্ষণের মাধ্যমে বুদ্ধি, প্রতিবন্ধী, অটিস্টিক ব্যক্তিদের সমাজে পুনর্বাসন এবং সমাজের মূল স্রোতধারায় অন্তর্ভুক্তকরণে সহযোগিতা করা হয়েছে। বর্তমানে এ চেষ্টা অব্যাহত রয়েছে।

১৭। **<u>উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:</u>** অনুমোদিত অংগসমূহ নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ বাস্তবায়ন হওয়ায় প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১৮ প্রকল্পের স্থির চিত্র ও বর্ণনা:



চিত্র-১: ক্রয়কৃত ফার্নিচার।



চিত্র-২: ক্রয়কৃত খেলনা



চিত্র-৩: স্কুলের বাচ্চাদের সাথে আলোচনা।



চিত্র-৪: স্কুলের জমি পরিমাপ।

১৯। **আইএমইডি'র সুপারিশ/মতামত:**

১৯.১ প্রকল্পের পিসিআরের অনুচ্ছেদ- ১০ এ প্রকল্প মেয়াদে আর্থিক অসংগতি দেখানো হয়েছে ৬০৮.৮০ লক্ষ টাকা এবং অনুচ্ছেদ-১১ তে প্রকল্পের ব্যয় দেখানো হয়েছে ৫৪৪.১৭ টাকা। যা (৬০৮.৮০-৫৪৪.১৭) অনুচ্ছেদ-১০ এ বর্ণিত টাকা হতে ৬৪.৬৩ লক্ষ টাকা কম। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রকৃত ব্যয়ের তথ্য প্রমাণকসহ আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৯.২ প্রকল্পটির অনুকূলে প্রত্যাশী সংস্থা কর্তৃক ১৬৯.৫৯ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ সংস্থানের বিপরীতে পিসিআর-এ অংগভিত্তিক অগ্রগতির তথ্যে ১৫৫.৩৫ লক্ষ টাকা ব্যয় দেখানো হলেও বছরভিত্তিক অগ্রগতির তথ্যে ৯০.৭২ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে। অংগভিত্তিক ও বছরভিত্তিক ব্যয়ের তথ্যে অসামঞ্জস্যতা রয়েছে। এ বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রকৃত ব্যয়ের তথ্য প্রমাণকসহ আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৯.৩ প্রত্যাশী সংস্থার অর্থে কম্পিউটার ও সরঞ্জামাদি, অফিস যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় বাবদ ৮০.৮৫ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে পিসিআর-এ শতভাগ আর্থিক ও বাস্তব অগ্রগতি দেখানো হয়েছে। উক্ত অর্থ প্রত্যাশী সংস্থা কর্তৃক সরাসরি ক্রয় করা হয়েছে বিধায় প্রকল্প পরিচালক কর্তৃক ক্রয় সংক্রান্ত তথ্যাদি সরবরাহ করতে পারেননি। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পণ্য ক্রয় না করার বিষয়টি আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। এ বিষয়টি খতিয়ে দেখে যথাযথ ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৯.৪ ঠিকাদারের পরিশোধিত বিল হতে কর্তনকৃত অর্থ, নির্মাণ কাজের অনুকূলে ঠিকাদার কর্তৃক বীমা না করা এবং নির্ধারিত

সময়ে কাজ সমাপ্ত করতে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে জরিমানা বাবদ আদায়যোগ্য অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান সংক্রান্ত প্রমাণক আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৯.৫ প্রকল্পের ২০১৭-২০১৮ অর্থবছরে ৩টি অডিট আপত্তি রয়েছে, যা নিষ্পত্তি হয়নি। অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিষয়ে প্রমাণক আইএমইডিতে প্রেরণ করতে হবে; এবং

১৯.৬ উল্লিখিত সুপারিশ/মতামতের আলোকে গৃহীত ব্যবস্থাদির ওপর ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে তথ্যাদি প্রেরণ করতে হবে।

মুন্সিগঞ্জ ডায়াবেটিক হসপিটাল স্থাপন শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**:
(সমাপ্ত: জুন ২০১৯)

১। **প্রকল্পের নাম:** মুন্সিগঞ্জ ডায়াবেটিক হসপিটাল স্থাপন।

২। **(ক) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ :** সমাজকল্যাণ মন্ত্রণালয়।
(খ) বাস্তবায়নকারী সংস্থা : সমাজসেবা অধিদপ্তর ও মুন্সিগঞ্জ ডায়াবেটিক সমিতি (MDS)

৩। **প্রকল্পের অর্থায়ন:** বাংলাদেশ সরকারের অনুদান এবং সংস্থার নিজস্ব অর্থায়ন।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২৪৮৫.১৮	-	২২৮২.৫৪	জানুয়ারি ২০১৫ হতে জুন ২০১৭	-	জানুয়ারি ২০১৫ হতে জুন ২০১৯	-	২ বছর (৮০%)

৫। **প্রকল্প এলাকা:**

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	মুন্সীগঞ্জ	সদর

৬। **সাধারণ পর্যবেক্ষণ:**

৬.১ প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি: স্থানীয় সমাজসেবী, শিল্পপতি ও হিতৈষীদের সহায়তায় ১৯৯৮ সালে মুন্সীগঞ্জ ডায়াবেটিক সমিতি (MDS) প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠালগ্ন হতে এ সমিতি ডায়াবেটিক রোগীদের চিকিৎসা ও পরামর্শ প্রদান করে আসছে। দেশের অন্যান্য স্থানের মত মুন্সীগঞ্জে ডায়াবেটিক রোগী দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এসকল রোগীদের প্রয়োজনীয় সেবা দেয়া মুন্সীগঞ্জ ডায়াবেটিক সমিতির সীমিত সামর্থ্যের দ্বারা সম্ভব হচ্ছে না। তাই মুন্সীগঞ্জ জেলায় সরকারের আর্থিক সহায়তায় সমাজ সেবা অধিদপ্তরের মাধ্যমে ২৪৮৫.১৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৫ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৬.২ প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- ডায়াবেটিক রোগের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতনতা তৈরী;
- ডায়াবেটিক রোগীদের নিয়মতান্ত্রিক জীবন যাপন সম্পর্কে সঠিক পরামর্শ প্রদান;
- দেশে ক্রমবর্ধমান ডায়াবেটিক রোগীদের স্বাভাবিক জীবন যাপন সম্পর্কে চিকিৎসা/সামাজিক/পরামর্শ সেবা প্রদানসহ তাদের পরিবারে তাদের পুনর্বাসনের ব্যবস্থা;
- ডায়াবেটিক রোগীদের প্রয়োজনীয়/উপযুক্ত প্রশিক্ষণ প্রদান; এবং
- দরিদ্র রোগীদের কমপক্ষে ৩০% বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান।

৬.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- মেশিনারি ও মেডিকেল যন্ত্রপাতি;
- আসবাবপত্র;
- এ্যাম্বুলেন্স;
- অফিস যন্ত্রপাতি;
- ভূমি ক্রয়;
- নির্মাণ কাজ (ভূমি উন্নয়নসহ)

৭। **প্রকল্পের অনুমোদন অবস্থা:** প্রকল্পের ডিজাইন, মেয়াদকাল ও মোট ব্যয় অপরিবর্তিত রাখার শর্তে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২৬ অক্টোবর ২০১৬ তারিখে অনুমোদিত হয়েছে। প্রকল্পটির অনুমোদিত মোট ব্যয় ২৪৪০.৫৯ লক্ষ টাকা (জিওবি ১৭৮৬.২০ লক্ষ টাকা ও সংস্থার নিজস্ব অর্থ ৬৫৪.৩৯ লক্ষ টাকা) এবং মেয়াদকাল জুলাই ২০১৬ হতে জুন ২০১৯ পর্যন্ত। বাস্তবতার নিরিখে 'ডিপিইসি' সভার সুপারিশক্রমে প্রকল্পটির মোট ব্যয় ও বাস্তবায়নকাল অপরিবর্তিত রেখে নির্ধারিত সময়ে বাস্তবায়নের শর্তে আন্ত:খাত সমন্বয় করা হয় যা যথাযথ কর্তৃক অনুমোদিত হয়।

৮। **ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন:** প্রকল্পটির আওতায় "পণ্য ও সেবা" ক্রয়ের ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী এবং Action Plan অনুযায়ী ভৌত নির্মাণ কাজ বাস্তবায়নের দায়িত্ব গণপূর্ত অধিদপ্তর-এর উপর। সে অনুযায়ী ৮ তলা ফাউন্ডেশনে ৪ তলা পর্যন্ত একটি হাসপাতাল ভবনের নির্মাণ কাজ বাস্তবায়ন করেছে গণপূর্ত অধিদপ্তর।

৯। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;

(খ) পিসিআর পর্যালোচনা;

(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং

(চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১০। **<u>প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:</u>**

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকৃত অগ্রগতি			
			বাস্তব	আর্থিক			বাস্তব	আর্থিক		
				জিওবি	সংস্থা (MDS)	মোট		জিওবি	সংস্থা (MDS)	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
(ক) রাজস্ব ব্যয়:										
১.	কর্মচারীদের বেতন	জন	১০	০.০০	২৫.২০	২৫.২০	১০	০.০০	১১.০৫	১১.০৫
২.	সেমিনার/ওয়ার্কসপ	থোক	থোক	০.০০	৩.০০	৩.০০	থোক	০.০০	১.০০	১.০০
৩.	রক্ষণাবেক্ষণ	থোক	থোক	০.০০	৩.০০	৩.০০	থোক	০.০০	৩.০০	৩.০০
৪.	প্রকাশনা	থোক	থোক	০.০০	৩.০০	৩.০০	থোক	০.০০	২.৯৪	২.৯৪
৫.	সম্মানীভাতা	থোক	থোক	০.০০	৫.০০	৫.০০	থোক	০.০০	৪.৯৫	৪.৯৫
৬.	জ্বালানী	থোক	থোক	০.০০	৫.০০	৫.০০	থোক	০.০০	৫.০০	৫.০০
উপ-মোট (রাজস্ব ব্যয়):					**৪৪.২০**	**৪৪.২০**			**২৭.৯৪**	**২৭.৯৪**
(খ) মুলধন খাতঃ										
৭.	মেশিনারি ও মেডিকেল যন্ত্রপাতি	সংখ্যা	৫১৮	১৫০.০০	০.০০	১৫০.০০	৫১৮	১৪৯.২৫	০.০০	১৪৯.২৫
৮.	আসবাবপত্র	সংখ্যা	৪৩২	১১.০০	০.০০	১১.০০	৪৩২	৯.৫৬	০.০০	৯.৫৬
৯.	এ্যাম্বুলেন্স	সংখ্যা	১	০.০০	২০.০০	২০.০০	-	০.০০	০.০০	০.০০
১০.	জেনারেটর	থোক	থোক	০.০০	২৫.০০	২৫.০০	থোক	০.০০	২৫.০০	২৫.০০
১১.	অফিস যন্ত্রপাতি	সংখ্যা	২৭	১৩.৫৫	০.০০	১৩.৫৫	২৭	১৩.৫৫	০.০০	১৩.৫৫
১২.	পানি সংরক্ষণাগার ও সোলার প্যানেল	থোক	থোক	১৯.০০	০.০০	১৯.০০	থোক	১৩.৮৫	০.০০	১৩.৮৫
১৩.	ভূমি ক্রয়	একর	০.৮৪	০.০০	৩২৯.২৯	৩২৯.২৯	০.৮৪	০.০০	৩২৯.২৯	৩২৯.২৯
১৪.	ভূমি উন্নয়ন	থোক	থোক	৮.৮৭	০.০০	৮.৮৭	থোক	৮.৮৭	০.০০	৮.৮৭
১৫.	নির্মাণ	ব:মি:	৫১৪৬.১০	১৭২৫.৫৪	৯০.০০	১৮১৫.৫৪	৫১৪৬.১০	১৬৮১.৩৭	০.০০	১৬৮১.৩৭
উপ-মোট (মুলধন ব্যয়):				**১৯২৭.৯৬**	**৪৬৪.২৯**	**২৪৩৬.৪৫**		**১৮৭৬.৪৫**	*৩৫৪.২৯*	**২২৩০.৭৪**

(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি	-	থোক	১৯.২৮	৫.০৮	২৪.৩৬	থোক	-	-	-
(ঘ) প্রাইস কনটিনজেন্সি	-	থোক	১৯.২৮	৫.০৮	২৪.৩৬	থোক	-	-	-
সর্বমোট (ক+খ+গ+ঘ):			**১৯৬৬.৫২**	**৫১৮.৬৬**	**২৪৮৫.১৮**		**১৮৭৬.৪৫**	**৩৮২.২৩**	**২২৫৮.৬৮**

তথ্যসূত্র: পিসিআর

বর্ণিত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায়-

(ক) প্রকল্পের মোট ব্যয় ২৪৮৫.১৮ লক্ষ টাকা যার মধ্যে জিওবি ১৯৬৬.৫২ লক্ষ টাকা ও প্রত্যাশী সংস্থার অর্থ ৫১৮.৬৬ লক্ষ টাকা। পিসিআর-এ প্রদত্ত অংগভিত্তিক অগ্রগতির তথ্য অনুযায়ী মোট ব্যয় করা হয়েছে ২২৫৮.৬৮ লক্ষ টাকা। ব্যয়িত এ অর্থের মধ্যে জিওবি অর্থ ব্যয় করা হয়েছে ১৮৭৬.৪৫ লক্ষ টাকা যা সংস্থানকৃত অর্থে ৯৫.৪২% এবং প্রত্যাশী সংস্থার অর্থ ব্যয় করা হয়েছে ৩৮২.২৩ লক্ষ টাকা যা সংস্থানকৃত অর্থের ৭৩.৬৯%।

(খ) অনুমোদিত ডিপিপিতে ভিন্ন ভিন্ন অংগ হিসেবে পানি সংরক্ষণাগার ও সোলার প্যানেল বাবদ ১৯.০০ লক্ষ টাকা এবং জেনারেটর বাবদ ২৫.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এ অংগ দু'টি মূলত: নির্মাণ অংগের প্রাক্কলনের মধ্যে উপাংগ হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে বিধায় অনুমোদিত মূল অংগ হিসেবে ডিপিপিতে অন্তর্ভুক্তির বিষয়টি স্পষ্ট নয়। **অন্যদিকে,** পিসিআর-এ অগ্রগতির তথ্যে পানি সংরক্ষণাগার ও সোলার প্যানেল বাবদ ১৩.৫৫ লক্ষ টাকা এবং জেনারেটর বাবদ ২৫.০০ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে।

(গ) পিসিআর-এ অংগভিত্তিক লক্ষ্যমাত্রা এবং অগ্রগতির তথ্যে কন্টিনজেন্সি খাতের অর্থ প্রতিফলন করা হয়নি।

(ঘ) ডিপিপিতে যে সকল অংগের পরিমাণ/পরিমাপগত হিসাব রয়েছে পিসিআর-এ সে সকল অংগের অগ্রগতির তথ্যে শতকরা হিসেবে দেখানো হয়েছে।

(ঙ) পিসিআর-এ অংগভিত্তিক অগ্রগতির যোগফলে জিওবি ১৮৭৬.৪৫ লক্ষ টাকা হলেও ১৯০১.৪৫ লক্ষ টাকা দেখানো হয়েছে। অন্যদিকে, প্রত্যাশী সংস্থার ৩৮২.২৩ লক্ষ টাকা হলেও ৩৫৭.২৩ লক্ষ টাকা দেখানো হয়েছে। এক্ষেত্রে জিওবি ও প্রত্যাশী সংস্থার ব্যয়িত তথ্য ভুল হিসেবে প্রতীয়মান হচ্ছে।

১১। **<u>বছরভিত্তিক আরডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ ও অর্থ ব্যয় সংক্রান্ত তথ্যাদি:</u>**

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান (জিওবি অর্থ)			সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি (জিওবি)	ব্যয়		
	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ		মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
২০১৪-২০১৫	৪৮.৮৭	৪৮.৮৭	-	৩৪৮.১৩	-	৩৪৮.১৩	--	৩২৯.২৯	--	৩২৯.২৯
২০১৫-২০১৬	৮৪২.৭৭	৮৪২.৭৭	-	১৫৭.৬৮	১০০.০০	৫৭.৬৮	১০০.০০	১০০.০০	১০০.০০	--
২০১৬-২০১৭	১০৭৪.৮৮	১০৭৪.৮৮	-	১৮৭৮.৮৪	১৭৬৬.০০	১১২.৮৪	৪০০.০০	৪০৩.১৬	৪০০.০০	৩.১৬
২০১৭-২০১৮	-	-	-	১১৬৭.০০	১১৬৭.০০	-	৫৮৩.৫০	৫৮৮.১৬	৫৮৩.৫০	৪.৬৬
২০১৮-২০১৯	-	-	-	৮৪৪.০০	৮৪৪.০০	-	৮৪৪.০০	৮৩৮.০৭	৮১৭.৯৫	২০.১২
মোট:	**১৯৬৬.৫২**	**১৯৬৬.৫২**	**-**	**৪৩৯৫.৬৫**	**৩৮৭৭.০০**	**৫১৮.৬৫**	**১৯২৭.৫০**	**২২৫৮.৬৮**	**১৯০১.৪৫**	**৩৫৭.২৩**

তথ্যসূত্র: পিসিআর

বর্ণিত তথ্য বিশ্লেষণে দেখা যায়- বছরভিত্তিক হিসেবে জিওবি অর্থ ১৯০১.৪৫ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে। অথচ অংগভিত্তিক অগ্রগতির তথ্যে ১৮৭৬.৪৫ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে। **অন্যদিকে,** বছরভিত্তিক হিসেবে প্রত্যাশী সংস্থার অর্থ ৩৫৭.২৩ লক্ষ টাকা দেখানো হলেও অংগভিত্তিক অগ্রগতির তথ্যে ৩৮২.২৩ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে।

১২। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** পিসিআর অনুযায়ী অনুমোদিত অংগসমূহের বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

১৩। **প্রকল্প পরিদর্শন:** প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম গত ৩১/১০/২০২১ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকৌশলীগণ উপস্থিত থেকে সহযোগিতা করেছেন। পরিদর্শন পর্যবেক্ষণ ও অন্যান্য বর্ণনা নিম্নরূপ:

১৩.১ **হাসপাতাল ভবন নির্মাণ ও আনুষঙ্গিক কাজ:**

(ক) **অনুমোদিত কাজের পরিমাণ ও আর্থিক সংস্থান: ৬** তলা ফাউন্ডেশনে ৬ তলা পর্যন্ত হাসপাতাল ভবন নির্মাণ করা, যার মোট আয়তন ২১৬০.৫৫ বর্গমিটার। অনুমোদিত ডিপিপিতে গণপূর্ত অধিদপ্তরের ২০১৪ সালের রেট সিডিউল মোতাবেক প্রাক্কলন করা হয়। হাসপাতাল ভবন নির্মাণের লক্ষ্যে অনুমোদিত ডিপিপিতে আর্থিক সংস্থান ১৮১৫.৫৪ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি অর্থ ১৭২৫.৫৪ লক্ষ টাকা এবং প্রত্যাশী সংস্থার অর্থ রয়েছে ৯০.০০ লক্ষ টাকা।

(খ) **দরপত্র ক্রয় সংগ্রহ প্রক্রিয়া:** ক্রয় বিধি অনুসরণ করে প্যাকেজটির দরপত্র ক্রয় সংগ্রহ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। ভবনের নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলন করা হয় ১৪৩৫.৬৪ লক্ষ টাকা। প্যাকেজটির চুক্তিমূল্য ৬২৩.৪৮ লক্ষ টাকা। কার্যাদেশ প্রদানের তারিখ ২৫/০১/২০১৬ এবং কার্যাদেশ প্রদানের সময়সীমা অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ৩১/০৭/২০১৭। প্রকৃতপক্ষে কাজ সমাপ্তির তারিখ ২৬/০৬/২০১৯। পরিদর্শন পর্যবেক্ষণ ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

- ভবনটির নিচতলা থেকে ৪র্থ তলা পর্যন্ত ভবনের উত্তর পাশের টয়লেটসমূহের পশ্চিম পার্শ্বে ডার্ক গ্লাস স্থাপনের পরিবর্তে স্বচ্ছ গ্লাস স্থাপন করা হয়েছে।
- লন্ড্রি রুমে মেশিনের জন্য পানির পয়েন্ট ও ওয়াটার ডিসপোজাল এর ব্যবস্থা রাখা হয়নি।
- সাব-স্টেশন ভবনের ছাদে উঠার জন্য সিঁড়ির ব্যবস্থা রাখা হয়নি।.
- লিফ্ট মেশিন রুমে প্রবেশের জন্য স্থায়ী সিঁড়ি করা হয়নি এবং লিফ্টম্যানের জন্য রুম নির্মাণ করা হয়নি।
- লিফ্ট এর ভেতর ওয়াল ফ্যান লাগানো হয়নি।
- ভবনের ছাদে নির্মিত আরসিসি ওয়াটার ট্যাংক-এর চারিদিকে ওয়ালের অধিকাংশ স্থানে লোনা দেখা গেছে।
- অনুমোদিত ড্রইং অনুসরণ না করে চিলেকোঠার পিলার ব্যবহার করে আরসিসি ওয়াটার ট্যাংকটির একাংশ নির্মাণ করা হয়েছে।
- প্রকল্পের মেয়াদ জুন ২০১৯ এ সমাপ্ত হলেও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ভবনটি হস্তান্তর করা হয়েছে ০৭/০৯/২০২১ তারিখে।
- চুক্তিকৃত মালামালে মধ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক LED Spot light fitting 24 watt (model-119)-২৪টি, LED Spot light fitting 12/24 watt (model-519)-৮০টি, LED Flood light (150 watt)-৬টি এবং Gate light-২টি সরবরাহ ও স্থাপন করা হয়নি।

(গ) **৪০০ কেভিএ সাব-স্টেশন যন্ত্রপাতি:** প্রকল্পের আন্ত:খাত সমন্বয় অনুযায়ী সাব-স্টেশন যন্ত্রপাতি বাবদ ১২৩.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এ সংস্থানের বিপরীতে ব্যয় করা হয়েছে ১২৩.০০০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঘ) **১০০ কেভিএ জেনারেটর:** প্রকল্পের আন্ত:খাত সমন্বয় অনুযায়ী ১০০ কেভিএ জেনারেটর বাবদ ২৭.৮০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এ সংস্থানের বিপরীতে ২৭.৮০ লক্ষ টাকা ব্যয়ে জেনারেটর স্থাপন করা হয়েছে এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঙ) **ক্রয়:** প্রকল্পের আন্ত:খাত সমন্বয় অনুযায়ী ২টি লিফ্ট বাবদ ৯০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ সংস্থানের বিপরীতে ক্রয়চুক্তি করা হয় ৭৭.৬৫ লক্ষ টাকা। ২টি লিফ্ট স্থাপন বাবদ ব্যয় করা হয়েছে ৭৭.৬৫ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(চ) **ভবনটির ছাদে আরসিসি ওয়াটার ট্যাংক যথাস্থানে নির্মাণ না করা:** আরসিসি ওয়াটার ট্যাংক যথাস্থানে নির্মাণ না করে চিলেকোঠার দুটি পিলারসহ ওয়াটার ট্যাংক নির্মাণ করা হয়েছে। এক্ষেত্রে ভবনের নকশা অনুসরণ করা হয়নি। ওয়াটার ট্যাংক-এর ওয়ালের অধিকাংশ স্থানে লোনা দেখা গেছে।

(ছ) **হাসপাতালের সাইনবোর্ড যথাযথভাবে না লেখা:** ভবনের সম্মুখভাগে (ভবনের ওয়ালে) ও গেইটে সাইনবোর্ড স্থাপন করা হয়েছে। উক্ত সাইনবোর্ডসমূহে সরকারের অংশীদারিত্বের/অনুদানের বিষয়টি উল্লেখ করা হয়নি।

পরিদর্শনের স্থির চিত্র



চিত্র-১: নির্মিত হাসপাতাল ভবন



চিত্র-২: ভবনের ছাদে স্থাপনকৃত ১ কিলোওয়াটের সোলার প্যানেল



চিত্র-৩: ভবনের চিলেকোঠার একাংশের উপর নির্মিত আরসিসি ওয়াটার ট্যাংক



চিত্র-৪: ভবনের সম্মুখভাগে ৩টি সাইনবোর্ড দেখা গেলেও কোন সাইনবোর্ডে সরকারের অংশীদারিত্ব সম্পর্কিত তথ্য দেয়া হয়নি

১৩.২ **মেশিনারি এবং মেডিকেল যন্ত্রপাতি:** প্রকল্পের আওতায় মেডিকেল যন্ত্রপাতি (৫১৮টি) বাবদ মোট ১৫০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পরবর্তীতে প্রকল্পের আন্ত:খাত সমন্বয়পূর্বক বাস্তবতার নিরিখে পরিবর্তন এনে ৫৩৪টি যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। পিসিআর-এ প্রদত্ত অগ্রগতির তথ্য বিশ্লেষণে দেখা যায়- এ সকল যন্ত্রপাতি বাবদ মোট ১৪৯.২৫ লক্ষ টাকা ব্যয়ে করা হয়েছে। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপ:

- ক্রয়কৃত যন্ত্রপাতির অধিকাংশই ভবনের বিভিন্ন কক্ষে ডাম্পিং করে রাখা হয়েছে। দীর্ঘদিন এসকল যন্ত্রপাতি অব্যবহৃত থাকায় তা নষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে।
- পরিদর্শনের সময় দেখা যায়- বেশ কয়েকটি দামী যন্ত্রপাতি ক্রয় করা হলেও কারিগরি জ্ঞান সম্পন্ন জনবল না থাকায় তা অব্যবহৃত অবস্থায় রয়েছে। যেমন- Ultrasound Machine, Automated Biochemistry Analyzer, 500 mA X-Ray Machine, Autoclave/Steam Sterilizer ইত্যাদি; এবং
- পরিদর্শনকালে প্রত্যাশী সংস্থার প্রতিনিধি জানান যে, ক্রয়কৃত যন্ত্রপাতি ইনডোর সেবা চালু হয়নি। এ সকল

যন্ত্রপাতি আনুমানিক ২/৩ বছর পর ব্যবহারের প্রয়োজন হলেও তা ক্রয় করার পর বর্তমানে অব্যবহৃত অবস্থায় ফেলে রাখা হয়েছে।

১২.৩ **আসবাবপত্র:** প্রকল্পের আওতায় মেডিকেল আসবাবপত্র (৪৩২টি) বাবদ মোট ১১.০০ লক্ষ (জিওবি) টাকার সংস্থান রাখা হয়। এসকল আসবাবপত্র ক্রয় বাবদ ব্যয় করা হয়েছে ১১.০০ লক্ষ টাকা। টাকা।

১২.৪ **ভূমি অধিগ্রহণ:** প্রকল্পের আওতায় ৮৪ শতাংশ জমি অধিগ্রহণ বাবদ মোট ৩২৯.২৯ লক্ষ (প্রত্যাশী সংস্থা) টাকার সংস্থান রাখা হয়। ৮৪ শতাংশ জমি অধিগ্রহণ বাবদ ব্যয় করা হয়েছে ৩২৯.২৯ লক্ষ টাকা।

পরিদর্শনের স্থির চিত্র



চিত্র-১: অব্যবহৃত অবস্থায় থাকা এনালগ এক্স-রে মেশিন




চিত্র-২: অব্যবহৃত অবস্থায় থাকা Biochemistry Analyzer মেশিন





চিত্র-৩: অব্যবহৃত অবস্থায় রাখা বিভিন্ন মেডিকেল যন্ত্রপাতি




চিত্র-৪: অব্যবহৃত অবস্থায় রাখা বিভিন্ন মেডিকেল যন্ত্রপাতি

১৪। **অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত:** সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর-এ অডিট সংক্রান্ত তথ্যাদি দেয়া হয়নি। পরিদর্শনের সময় প্রাপ্ত তথ্যমতে, অডিট আপত্তি, অনিয়মের কারণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

ক্র: নং	আপত্তির বিবরণ	জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তি সংক্রান্ত
১	প্রত্যাশিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ ঠিকাদারকে সময় বর্ধন ব্যতিত অনিয়মিতভাবে চলতি বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।	৬৯,৭১,৫৪৩/-	অদ্যাবধি নিষ্পত্তি হয়নি
২	পিপিআর বিধি লংঘন করে ননটেন্ডার আইটেম এর দরপত্র আহ্বান না করে নির্মাণ কাজ সম্পাদন করায় সরকারের আর্থিক ক্ষতি।	১,৪৩,৫২,৭২৬/-	
৩	সম্মানী ভাতার উপর উৎসে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি।	৫০,০০০/-	
৪	হাসপাতাল ভবনের নির্মাণ কাজ সমাপ্ত না হওয়া সত্ত্বেও বিভিন্ন আসবাবপত্র ও মেডিকেল ইকুইপমেন্ট ক্রয় করে দীর্ঘদিন ধরে ফেলে রাখায় সরকারের আর্থিক ক্ষতির সম্ভাবনা।	১,৭২,৩৬,৩০০/-	
৫	নির্ধারিত সময়ের মধ্যে পণ্য সরবরাহ না করা সত্ত্বেও পণ্য সরবরাহকারীর বিল হতে Liquidated Damage (এলডি) কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি।	৫,১০,৫৮৬/-	

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক-এর নাম		মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
					হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
০১	জনাব মোস্তফা মাহমুদ সরওয়ার	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া উপ-পরিচালক (চ:দা:)	২৬/০৬/২০১৬ হতে ২৮/০৯/২০১৭	অতিরিক্ত	না	-
০২	জনাব জেড.এম. মিজানুর রহমান	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া উপ-পরিচালক	২৮/০৯/২০১৭ হতে ২২/০১/২০১৮	অতিরিক্ত	না	-
০৩	জনাব মোস্তফা মাহমুদ সরওয়ার	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া	২২/০১/২০১৮ হতে	অতিরিক্ত	না	-

প্রকল্প পরিচালক-এর নাম		মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
					হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
		উপ-পরিচালক (চ:দা:)	০৮/০২/২০১৮			
০৪	জনাব আইয়ুব খান	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া উপ-পরিচালক	০৮/০২/২০১৮ হতে ০১/০৪/২০১৮	অতিরিক্ত	না	-
০৫	জনাব মোস্তফা মাহমুদ সরওয়ার	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া উপ-পরিচালক (চ:দা:)	০১/০৪/২০১৮ হতে ২২/০৪/২০১৮	অতিরিক্ত	না	-
০৬	জনাব মাসুদুল হাসান তাপস	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া উপ-পরিচালক	২২/০৪/২০১৮ হতে ৩০/০৬/২০১৯	অতিরিক্ত	না	-

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
(ক)	ডায়াবেটিক রোগের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতনতা তৈরী;	(ক)	সেমিনার ও প্রকাশনার মাধ্যমে ডায়াবেটিক রোগের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা হয়েছে;
(খ)	ডায়াবেটিক রোগীদের নিয়মতান্ত্রিক জীবন যাপন সম্পর্কে সঠিক পরামর্শ প্রদান;	(খ)	ডায়াবেটিক রোগীদের নিয়মতান্ত্রিক জীবন যাপন সম্পর্কে সঠিক পরামর্শ দেয়া হচ্ছে;
(গ)	দেশে ক্রমবর্ধমান ডায়াবেটিক রোগীদের স্বাভাবিক জীবন যাপন সম্পর্কে চিকিৎসা/সামাজিক/পরামর্শ সেবা প্রদানসহ তাদের পরিবারে তাদের পুনর্বাসনের ব্যবস্থা;	(গ)	হাসপাতালে ইনডোর ও আউটডোর কার্যক্রম শুরু হলে প্রকল্পের এ উদ্দেশ্য অর্জন সম্ভব হবে;
(ঘ)	ডায়াবেটিক রোগীদের প্রয়োজনীয়/উপযুক্ত প্রশিক্ষণ প্রদান; এবং	(ঘ)	ডায়াবেটিক রোগীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান একটি চলমান প্রক্রিয়া। হাসপাতালের কার্যক্রম চালু হলে প্রশিক্ষণের ব্যপকতা সময়ের সাথে সাথে বৃদ্ধি পাবে; এবং
(ঙ)	দরিদ্র রোগীদের কমপক্ষে ৩০% বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান।	(ঙ)	হাসপাতালের কার্যক্রম পুরোপুরি চলমান না হওয়ায় প্রকল্পের এ উদ্দেশ্য অর্জন অদ্যাবধি সম্ভব হয়নি।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:** অনুমোদিত অংগসমূহ নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ বাস্তবায়ন হলেও সেবা কার্যক্রম চালু না হওয়ায় ও ক্রয়কৃত যন্ত্রপাতি অব্যবহৃত থাকায় প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি।

১৮। **সুপারিশ:**

১৮.১ প্রকল্পের প্রাপ্ত পিসিআর ও বাস্তবায়ন অগ্রগতির যে তথ্য দেওয়া হয়েছে তা অসামঞ্জস্যপূর্ণ। ব্যয়ের যোগফলে কম-বেশী পাওয়া যায়। অসামঞ্জস্যতার কারণে প্রকৃত ব্যয় নিরূপণ করা সম্ভব হয়নি। হারাহারি অংশের ব্যয়িত অর্থের ক্ষেত্রেও তথ্যের গড়মিল রয়েছে। এ বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রকৃত ব্যয়ের পারে এবং এ বিষয়ে পরিকল্পনা কমিশন ও আইএমইডিকে জানাতে হবে (প্রতিবেদনের অনুচ্ছেদ-১০ ও ১১);

১৮.২ ডিপিপি'র নির্মাণ অংগে অন্তর্ভুক্ত উপাংগ হিসেবে পানি সংরক্ষণাগার, সোলার প্যানেল ও জেনারেটর বাবদ আর্থিক সংস্থান রাখা হয় যা ক্রয়কারী হিসেবে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ব্যয় করা হয়েছে (ডিপিপি'র পৃষ্ঠা নং-৮২)। আবার অনুমোদিত ডিপিপি'র মূল অংগ হিসেবে পানি সংরক্ষণাগার, সোলার প্যানেল ও জেনারেটর বাবদ আলাদাভাবে সংস্থান রাখা হয় যা ক্রয়কারী হিসেবে প্রকল্প পরিচালক কর্তৃক ব্যয় করা হয়েছে (ডিপিপি'র পৃষ্ঠা নং-২)। ফলে এ ধরনের ব্যয়ের ক্ষেত্রে দ্বৈততার সৃষ্টি হয়েছে। এ ধরনের ব্যয় কিভাবে করা হলো তার সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করতে হবে;

১৮.৩ নির্মিত হাসপাতাল ভবনের নিচতলা থেকে ৪র্থ তলা পর্যন্ত ভবনের উত্তর পাশের টয়লেটসমূহের পশ্চিম পার্শ্বে স্বচ্ছ গ্লাস পরিবর্তন করে ডার্ক গ্লাস স্থাপন, লন্ড্রি রুমে মেশিনের জন্য পানির পয়েন্ট ও ওয়াটার ডিসপোজাল স্থাপন, সাব-স্টেশন

ভবনের ছাদে উঠার জন্য সিঁড়ির ব্যবস্থা করা, লিফ্টম্যানের জন্য রুম নির্মাণ, আরসিসি ওয়াটার ট্যাংক পুনরায় রং করা ও লাইটসমূহ সরবরাহ ও স্থাপন নিশ্চিত করতে হবে। এছাড়া অনুমোদিত ড্রইং অনুসরণ না করে চিলেকোঠার পিলার ব্যবহার করে আরসিসি ওয়াটার ট্যাংকটির একাংশ নির্মাণ করা হয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক মন্ত্রণালয়ে ব্যাখ্যা প্রদান করবেন (প্রতিবেদনের অনুচ্ছেদ-১০);

১৮.৪ প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন আসবাবপত্র ও মেডিকেল ইক্যুইপমেন্ট দীর্ঘদিন ধরে ফেলে রাখায় তা নষ্ট হওয়ার উপক্রম হয়েছে। প্রকল্পের কাঙ্ক্ষিত সুফল প্রাপ্তি বিবেচনায় অব্যবহৃত মেডিকেল যন্ত্রপাতির যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে;

১৮.৫ নির্ধারিত সময়ের মধ্যে পণ্য সরবরাহ না করা সত্ত্বেও পণ্য সরবরাহকারীর বিল হতে Liquidated Damage (এলডি) কর্তন করা হয়নি। লিকুইড কর্তন না করার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রকল্প পরিচালকের নিকট হতে ব্যাখ্যা প্রদান করবেন;

১৮.৬ ভবনের সম্মুখভাগে (ভবনের ওয়ালে) ও মূল গেইটে স্থাপনকৃত সাইনবোর্ডে সরকারের অংশিদারিত্বে/অনুদানের বিষয়টি উল্লেখ করে সাইনবোর্ড সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৭ অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত **BSR** আইএমইডি'তে প্রেরণের বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালকে নিশ্চিত করতে হবে;

১৮.৮ প্রকল্পের অনুমোদিত সময় শেষ হওয়ার প্রায় দুই বছর পর গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মিত হাসপাতাল ভবন হস্তান্তর করা হয়েছে। যথাসময়ে হস্তান্তর না করার বিষয়টি গণপূর্ত অধিদপ্তর ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করবেন; এবং

১৮.৯ এরূপ ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত পিসিআর দ্বারা মূল্যায়ন সম্ভবপর নয় বিধায় উল্লিখিত ত্রুটিসমূহ সংশোধনপূর্বক আগামী ১৫ দিনের মধ্যে পুনরায় পিসিআর প্রেরনের জন্য বলা হলো।

অনাথ ও সুবিধাবঞ্চিতদের জন্য ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার অডিটোরিয়াম কমপ্লেক্স এর সম্প্রসারণ ও আধুনিকীকরণ) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত- জুন.২০১৯)

১।	প্রকল্পেরনাম	:	Extension and Modernization of Dharmarajika Bouddha Mahabihar Auditorium Complex for the Orphans and Underprivileged Community Members of the Society. (অনাথ ও সুবিধাবঞ্চিতদের জন্য ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার অডিটোরিয়াম কমপ্লেক্স এর সম্প্রসারণ ও আধুনিকীকরণ)
২।	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	সমাজকল্যাণ মন্ত্রণালয়/ সমাজসেবা অধিদপ্তর
৩।	প্রকল্পেরঅর্থায়ন	:	বাংলাদেশ সরকার ও প্রত্যাশী সংস্থাবাংলাদেশ বৌদ্ধ কৃস্টি প্রচার সংঘ।
৪।	প্রকল্পেরঅবস্থান	:	অতীশ দীপঙ্কর রোড, সবুজবাগ, ঢাকা

০৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষটাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মুল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মুল বাস্তবায়ন কালের %)
মুল (ক) মোট: (খ) জিওবি (গ)সংস্থার নিজস্ব (BBKPS)	সর্বশেষ সংশোধিত (ক) মোট: (খ) জিওবি (গ) সংস্থার নিজস্ব (BBKPS)	(ক) মোট: (খ) জিওবি (গ) সংস্থার নিজস্ব (BBKPS)	মুল	সর্বশেষ সংশোধিত			
(ক) ১৯৩৯.৮৬ (খ) ১১৬৩.০১ (গ) ৭৭৬.৮৫	(ক) ১৯৩৯.৮৬ (খ) ১১৬৩.০১ (গ) ৭৭৬.৮৫	(ক) ১৯৩৯.৩৮ (খ) ১১৬২.৯৫ (গ) ৭৭৬.৪৩	নভেম্বর/২০১৪ হতে জুন/২০১৬	নভেম্বর/২০১৪ হতে জুন/২০১৮	নভেম্ব/২০১৪ হতে জুন/২০১৯	--	৩৬মাস (১৮০%)

০৭। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে):** (লক্ষ টাকায়)

ক্র:ন:	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা				প্রকৃত বাস্তবায়ন				অগ্রগতি (%)
		বাস্তব	আর্থিক			বাস্তব	আর্থিক (%)			
			জিওবি	সংস্থা (BBKPS)	মোট		জিওবি	সংস্থা (BBKPS)	মোট	
১	২	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
রাজস্ব ব্যয়										
১.	জনবলের বেতন ভাতাদি	১০জন	--	২৩.৮২	২৩.৮২	১০ জন	--	২৩.৮২	২৩.৮২	১০০ %
২.	সরবরাহ ও সেবা	থোক	৮.০০	--	৮.০০	থোক	৮.০০	--	৮.০০	১০০ %
উপমোট: (রাজস্ব)		**--**	**৮.০০**	**২৩.৮২**	**৩১.৮২**		**৮.০০**	**২৩.৮২**	**৩১.৮২**	**১০০ %**
(খ) মুলধন										

৩.	ভূমি ক্রয়	৬৮.৯৬ ডি:মে:	--	৫৫২.৩১	৫৫২.৩১	৬৮.৯৬ ডিঃমেঃ	--	৫৫২.৩১	৫৫২.৩১	১০০ %
৪	ভবন নির্মাণ	৩২৪২.২০ ব:মি:	১১৫৫.০১	১২৬.০০	১২৮১.০১	৩২৪২.২০ বঃমিঃ	১১৫৫.০১	১২৬.০০	১২৮০.৯৫	১০০ %
৫	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	১৫টি	--	৫.৭৬	৫.৭৬	১৫টি	--	৫.৭৬	৫.৭৬	১০০ %
৬	আসবাবপত্র	৬৭৫টি	--	৬৮.৯৬	৬৮.৯৬	৬৭৫টি	--	৬৮.৯৬	৬৮.৯৬	১০০ %
মোট			**১১৬৩.০১**	**৭৭৬.৮৫**	**১৯৩৯.৮৬**		**১১৬৩.০১**	**৭৭৬.৮৫**	**১৯৩৯.৩৮**	**৯৯.৯৮%**

(পিসিআর হতে প্রাপ্ত তথ্য)

০৮। বছরভিত্তিকসংশোধিতএডিপিবরাদ্দ, অবমুক্তিওব্যয় :

অর্থবছর	সংশোধিতএডিপিবরাদ্দ			অবমুক্তি (জিওবি)	ব্যয় (জিওবি)			
	মোট	জিওবি	বাস্তব		মোট	জিওবি (বরাদ্দের%)	সংস্থা	বাস্তব
২০১৫-২০১৬	১০০.০০	১০০.০০	৭.৯৩	৯৮.০০	২.০০	২.০০(২%)	--	০.১৭
২০১৬-২০১৭	৫০০.০০	৫০০.০০	৩৯.৫৬	৫০০.০০	৫০০.০০	৫০০.০০(১০০%)	--	৪২.৯৯
২০১৭-২০১৮	৬৬১,০১	৬৬১.০১	৫২.৪২	৬৬০.৯৫	৬৬০.৯৫	৬৬০.৯৫(১০০%)	--	৫৬.৮৩
মোট	১২৬১.০১	১২৬১.০১	১০০%	১২৫৮.৯৫	১১৬২.৯৫	১১৬২.৯৫	--	১০০%

০৮। <u>প্রকল্পেরআর্থিকওবাস্তবঅগ্রগতিঃ</u> প্রকল্পটির মুল প্রাক্কলিত ব্যয় ছিল ১৯৩৯.৮৬ লক্ষ টাকা (জিওবি ১১৬৩.০১ লক্ষ এবং প্রত্যাশী সংস্থা বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ (BBKPS) ৭৭৬.৮৫ লক্ষ টাকা)। প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়নকাল ছিল নভেম্বর/২০১৪ হতে জুন/ ২০১৯ পর্য়ন্ত । প্রকল্পটির অনুকুলে জিও বিবরাদ্দের পরিমাণ ১২৬১.০১ লক্ষ টাকা এবং অবমুক্তির পরিমাণ ১২৫৮.৯৫ লক্ষটাকা ।প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এর তথ্য অনুযায়ী প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৯৩৯.৩৮ লক্ষ টাকা (জিওবি ১১৬৩.০১ লক্ষ টাকা, বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ (BBKPS) লক্ষ টাকা ৭৭৬.৮৫ লক্ষ টাকা)- যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৯৭%। সময় অতিক্রান্ত হয়েছে ৩৬ মাস যা মুল বাস্তবায়নকালের ১৮০%।

০৯। **<u>কাজ অসমাপ্ত থাকলে উহার কারণঃ</u>** প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালীন সময়ে অগ্রগতির তথ্যানুযায়ী দেখা যায় যে, প্রকল্পের আওতা অনুমোদিত অংগ সমূহের বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই। তবে আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার নির্মাণ কাজ অসমাপ্ত রয়েছে যা সংস্থার অর্থে সম্পন্ন করা হবে মর্মে প্রকল্প পরিচালক জানান।

১০। <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

<u>পটভূমিঃ</u> বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘের উদ্যোগে ধর্মরাজিকা বৌদ্ধ মহাবিহার প্রাঙ্গনে ১৯৭২ সালে ধর্মরাজিকা অনাথালয় প্রতিষ্ঠার থেকে এতিম, দুঃস্থ্ এবং অবহেলিত ও সুবিধাবঞ্চিত ছাত্রদের জন্য বিভিন্ন প্রকল্প পরিচালনা করে আসছে। থাইল্যান্ডের মহামান্য রাজা-রানী ও ভুটানের মহামান্য রাজাসহ বৌদ্ধ অধুষিত দেশ সমূহের রাষ্ট্রপ্রধান, মন্ত্রী, কুটনীতিকবৃন্দ, মাননীয় প্রধানমন্ত্রীসহ দেশের মন্ত্রীবর্গ, বহ প্রথিতযশা সম্মানিত ব্যক্তিবর্গ, বুদ্ধিজীবী এ বৌদ্ধ মহাবিহার ও অনাথালয় পরিদর্শন করেছেন। এই সমস্ত সম্মানীত ব্যক্তিবর্গকে যথোপযুক্ত সম্মান প্রদর্শনের জন্য এখানে বর্তমানে

কোন অডিটোরিয়াম নেই। তদুপরি সাংস্কৃতিক চর্চা, সেমিনার সিম্পোজিয়ামের জন্য এলাকার সর্বস্তরের জনসাধারণের ব্যাবহারোপযোগী কোন কেন্দ্রও এলাকায় নেই। অবহেলিত জনগোষ্ঠীকে নৈতিক শিক্ষা ও আদর্শ অনুশীলনে উদ্বুদ্ধ, বৃত্তিমূলক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষনের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি , আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা প্রদান, দেশ – বিদেশের সম্মানিত উচ্চ পর্যায়ের ব্যক্তিবর্গকে সসম্মানে অভ্যন্তনা জানানোর জন্য বর্তমান অডিটরিয়ামের আধুনিকায়ন এবং অডিটরিয়াম ব্যাবহারের মাধ্যমে উপার্জিত অর্থে এতিমদের ভরণ-পোষণ ও বিভিন্ন ব্যয় নির্বাহের জন্য আলোচ্য প্রকল্পটি মোট ১৯৩৯.৮৬ লাক্ষ টাকা ব্যয়ে (জিওবি ১১৬৩.০১ লক্ষ এবং বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ (BBKPS) ৭৭৬.৮৫ লক্ষ টাকা) নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ৩০/১২/২০১৪ তারিখে অনুমোদিত হয়।

১১। **উদ্দেশ্যঃ**

- সমাজের সুবিধাবঞ্চিত, দুস্থ, গৃহহীন এবং দারিদ্রক্লিস্ট শিশুদের বিশেষভাবে ধর্মরাজিকা অনাথালয় এবং ললিতকলা একাডেমির ছাত্রদের সাহায্য করা এবং সমাজের সুবিধাবঞ্চিত লোকদের উন্নতি সাধন করা;
- বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং সমবায়ের মাধ্যমে আয়বৃদ্ধি করে আর্থ –সামাজিক উন্নয়ন;
- বৌদ্ধ সমাজের সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষার উন্নয়ন এবং তাদের জীবন সুস্থ ধারায় আনয়ন;
- প্রদশর্ণীর মাধ্যমে বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরা;
- সমাজের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে পারস্পরিক সমঝোতার জন্য বৌদ্ধ ধর্মীয় শিক্ষার সুযোগ ও গবেষণার উন্নয়ন সাধন;
- সমাজ উন্নয়ন প্রকল্পের জন্য তথ্য সংগ্রহ এবং জরীপ পরিচালনা
- নিদির্ষ্ট বিষয়ে সেমিনার, ওয়ার্কশপ , সিম্পোজিয়াম এবং প্রকাশনার মাধ্যমে ঐকমত্য সৃষ্টি করা;
- সরকারের সাথে সম্মিলিতভাবে দারিদ্র দূরীকরণ কর্মসুচী গ্রহণ,
- দেশের সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের জন্য বিনামুল্যে কমপক্ষে শতকরা ৩০ ভাগ সেবা প্রদান নিশ্চিত করা;

১২। **প্রকল্পেরমূলকাযর্ক্রম :**

(ক) জনবল নিয়োগ
(খ) ভূমি অধিগ্রহণ (৬৮.৯৬ ডেসিমেল)
(গ) নির্মান কাজ (৩২৪২.২০বর্গমিটার)
(ঘ) সেমিনার আয়োজন
(ঙ) আসবাবপত্র ক্রয় (৬৭৫টি) এবং

১৩। **প্রকল্প সংশোধন/ মেয়াদ বৃদ্ধি:**

(ক) **ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ম মেয়াদ বৃদ্ধি:** আলোচ্য প্রকল্পটি মোট ১৯৩৯.৮৬ লাক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ৩০/১২/২০১৪ তারিখে অনুমোদিত হয়। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রকল্পের নকশা পরিবর্তনহেতু দরপত্র আহবানে বিলম্ব জনিত কারনে নিদির্স্ট সময়ে নির্মাণ কাজ শুরু করতে না পারার কারনে প্রকল্পের মেয়াদ নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৬ এর পরিবর্তে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন/২০১৭ পযর্ন্ত বৃদ্ধি করা হয়েছে।

(খ) **ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ২য় মেয়াদ বৃদ্ধি:** আলোচ্য প্রকল্পটি নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রকল্পের নকশা পরিবর্তনহেতু দরপত্র আহবানে বিলম্ব জনিত কারনে নিদির্স্ট সময়ে নির্মাণ কাজ শুরু করতে না পারার কারনে প্রকল্পের মেয়াদ নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৬ এর পরিবর্তে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন/২০১৭ পযর্ন্ত বৃদ্ধি করা হয়। নির্মাণ

কাজের জন্য ১ম বার দরপত্র আহবান করা হলে ১টি মাত্র দরপত্র জমা পড়ে এবং দরপত্র দাতার কাজের অভিজ্ঞতা না থাকায় ২য় বার দরপত্র আহবান করা হয়। ডিপিপি মুল্য অপেক্ষা দরপত্র মুল্য অধিক হওয়ায় নির্মাণ কাজের ধরন কমিয়ে দরপত্র অনুমোদন করা হয়েছে। এসব কারনে নির্দিস্ট সময়ে নির্মাণ কাজ শুরু করা হয়নি। ফলে প্রকল্পের মেয়াদ ৬ মাস অর্থাৎ ডিসেম্বর/২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

(গ) **প্রকল্প সংশোধন :**আলোচ্য প্রকল্পটি নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রকল্পের নকশা পরিবর্তনহেতু দরপত্র আহবানে বিলম্ব জনিত কারনে নিদির্স্ট সময়ে নির্মাণ কাজ শুরু করতে না পারার কারনে প্রকল্পের মেয়াদ নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৬ এর পরিবর্তে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন/২০১৭ পযর্ন্ত বৃদ্ধি করা হয়। দরপত্র প্রক্রিয়া বিলম্বিত হওয়ার কারনে নির্দিস্ট সময়ে নির্মাণ কাজ শুরু করা যায়নি। ফলে প্রকল্পের মেয়াদ ৬ মাস অর্থাৎ ডিসেম্বর/২০১৭ পযন্ত বৃদ্ধি করা হয়। স্থাপত্য নকশায় পরিবর্তন এবং কয়েকটি অংগের আন্তঃখাত সমন্বয়ের প্রয়োজনীয়তা দেখা দেয়ায় ডিপিপি সংশোধন করা হয় এবং প্রকল্পের মেয়াদ পুনঃরায় ৬ মাস বৃদ্ধি প্রকল্প মেয়াদ নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৮ পর্য়ন্ত বৃদ্ধি করা হয়।

(ঘ) **ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৩য় মেয়াদ বৃদ্ধি:** স্থাপত্য নকশায় পরিবর্তন এবং কয়েকটি অংগের আন্তঃখাত সমন্বয়ের প্রয়োজনীয়তা দেখা দেয়ায় ডিপিপি সংশোধন করা হয় এবং প্রকল্পের মেয়াদ নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৮ পর্যন্ত নির্ধারন করা হয়। প্রকল্পের প্রত্যাশী সংস্থা কর্তৃক যে অর্থ সরবরাহ করার কথা ছিল তার সম্পূর্ণ সংস্থান করতে না পারায় নির্ধারিত মেয়াদে অর্থাৎ জুন/২০১৮ শেষ করা যায়নি । পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রী প্রত্যাশী সংস্থাকে ২ (দুই) কোটি টাকা অনুদান হিসেবে দেয়ায় অবশিস্ট কাজ সম্পন্ন করার জন্য প্রকল্পের মেয়াদ আরো ১ (এক) বছর বৃদ্ধি করে প্রকল্পের বাস্তবায়ন কাল নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৯ পযর্ন্ত নির্ধারণ করা হয়।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিতঃ**

ক্রঃনঃ	প্রকল্প পরিচালকের নাম পদবী	পুর্ণকালীন	খন্ডকালিন	যোগদানের তারিখ	বদলির তারিখ
১	মোঃ মাজহারুল ইসলাম উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর	--	খন্ডকালিন	০৯/০৫/২০১৫	০৫/১২/২০১৫
২	মোঃ সাদিকুল হক, উপপরিচালক সমাজসেবা অধিদপ্তর	--	খন্ডকালিন	০৬/১২/২০১৫	৩০/০৬/২০১৯

১৫। **প্রকল্প মুল্যায়ন পদ্ধতি (Methodology) :** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হয়:

(ক) প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনে প্রাপ্ত তথ্য ;
(খ) প্রকল্প এলাকাস রেজমিনে পরিদর্শনের সময় প্রকল্প সংশ্লিস্টদের সাথে আলোচনা:
(গ) প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে সম্পাদিত দরপত্র সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনা;
(ঘ) প্রকল্পের অনুমোদিত আরডিপিপিও পিসিআর পর্যালোচন;
(ঙ) প্রকল্পের নথি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং
(চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিস্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৬। **প্রকল্পের আওতায় নির্মাণ সংক্রান্ত প্রধান প্রধান কার্যাবলী:**

ক্র:ন	বিষয়
১	স্থাপত্য নকশা মোতাবেক ৩য় তলায় ৫০০ আসন বিশিস্ট সুসজ্জিত অডিটোরিয়াম নির্মাণ
২	২য় তলায় ২৪ কক্ষ বিশিস্ট গেস্ট রুম নির্মিত হয়েছে।
৩	আউটডোর ইউনিট স্থাপন করা হয়েছে।
৪	৩৪টি প্যানেলসহ ৫ কেভিএ ক্ষমতা সম্পন্ন সোলার প্যানেল স্থাপন
৫	৩০০ কেভিএ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপন করা হয়েছে।
৬	অগ্নি-নির্বাপক যন্ত্র সরবরাহ ও স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে

৭	নিরাপত্তার জন্য প্রয়োজনীয় বাতি সরবরাহ ও স্থাপন করা হয়েছে।
৮	বৈদ্যুতিক ওয়্যারিং, ফিটিংস ফিকচার ও ফ্যান সরবরাহ ও স্থাপন করা হয়েছে।
৯	Ofiice Equipment ক্রয়
১০	Auditorium Lighting Fixtures & others Accessories ক্রয়
১১	Office Furniture ক্রয়

১৭। **প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শনঃ** সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি কর্তৃক সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আলোচ্য প্রকল্পটির কার্যক্রম গত ১৯/০৮/২০২০ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, উপ-বিভাগীয় প্রকৌশলী, ঢাকা গণপুর্ত বিভাগ-৫, উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), উপবিভাগ-১২, তত্ত্বাবধায়ক স্থপতি, সার্কেল -৫ , স্থাপত্য অধিদপ্তর এবং সংস্থার প্রতিনিধিবৃন্দ উপস্থিত থেকে সহযোগিতা করেছেন।আলোচ্য প্রকল্পের অডিটোরিয়াম কমপ্লেক্স এর সম্প্রসারণ ও আধুনিকীকরণ কাজ সরকারি ২টি প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পাদন করা হয়েছে ।

(ক) ঢাকা গণপূর্ত বিভাগ -৫ : অডিটরিয়াম ফাউন্ডেশন, Retrofitting of Column and Foundation, সুপার স্ট্রাকচার , Additional Super Structure, ইন্টারন্যাল স্যানিটারী ও ওয়াটার সাপ্লাই, ইন্টারনাল ইলেকট্রিফিকেশন, ওয়াটার পাম্প হাউজ, ডেকোরেটিভ স্টেজ, গ্যালারী, Quality assurance, Material Sample Collection and Testing ইত্যাদি কাজ সম্পাদন করেছে।

১৮.১। **অডিটোরিয়াম ভবননির্মাণ পুর্তকাজ : লট-১ (Package No-WD 1)** আলোচ্য প্রকল্পের আওতায় অডিটোরিয়াম ভবনের Construction of 1st floor and Auditorium in/c. internal sanitary & water supply Arrangement and Internal Electrification কাজের জন্য ৯,৯৮,৮৪,৭৮৭.৯৯ টাকার প্রাক্কলন তৈরী করে Open Methord (OTM) পদ্ধতিতে গত ১৩/০১/২০১৬ তারিখে দরপত্র আহবান করা হয়। কিন্তু দরদাতা প্রতিষ্ঠানগুলোর এ ধরনের কাজের অভিজ্ঞতা না থাকায় এবং দরপত্র মুল্য ডিপিপির সংস্থান অপেক্ষা বেশী হওয়ায় ২য় বার ০৬/৪/২০১৬ তারিখে প্রকাশিত "দৈনিক জনকন্ঠ " ও ''New age'' পত্রিকার মাধ্যমে দরপত্র আহবান করা হয়। ২৭/১২/২০১৬ তারিখে দরপত্র খোলা হয় । ৪টি দরপত্র জমা পড়ে এবং ২টি রেসপনসিভ হয়। ১৩/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত মূল্যায়ন কমিটি সভায় উপস্থিত সকল সদস্য দরপত্রের শর্তাবলী ও পিপিআর ২০০৮ এর বিধি মোতাবেক বিস্তারিত আলোচনান্তে Responsive দরপত্রসমূহের মধ্যে মেসার্স জি.কে. বিল্ডার্স সর্বনিম্ন দরদাতা হিসেবে বিবেচিত হয়। ১৪/০৮/২০১৬ তারিখে প্রধান প্রকৌশলী, ঢাকা গণপুর্ত জোন, ঢাকা মেসার্স জি.কে. বিল্ডার্স, (জিকেবি) ৬৯/এ, বাসাবো, ঢাকা এর সাথে ৯,৫৭,২১,৮৪৪.৫৭লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যে ১৩/০৮/২০১৮ মেয়াদে কার্য সম্পাদনের শর্তে ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয়। জুন/২০২০ তারিখ পর্য়ন্ত ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ৯,৫২,২১,৬৮০/=লক্ষ টাকা (চুক্তিমল্যের ১০০%)। কাজের মান সন্তোষজনক।



১৮.২ **অডিটোরিয়াম ভবননির্মাণ পুর্তকাজ : লট-২ (Package No-WD 1)** আলোচ্য প্রকল্পের আওতায় অডিটোরিয়াম ভবনের পুর্ত কাজের জন্য ১,৪৪,৭৮,৭২১ টাকার প্রাক্কলন তৈরী করে Open Methord (OTM) পদ্ধতিতে গত ১৬/০৪/২০১৮ তারিখে প্রকাশিত "দৈনিক আমার সংবাদ" ও 'The Bangladesh Today''পত্রিকার মাধ্যমে দরপত্র আহবান করা হয়। ১০/০৫/২০১৮ তারিখে দরপত্র খোলা হয় । ১টি দরপত্র জমা পড়ে এবং তা রেসপনসিভ হয়। ২০/৫/২০১৮ তারিখ মূল্যায়ন কমিটি সভায় উপস্থিত সকল সদস্যদর পত্রের শর্তাবলী ও পিপিআর ২০০৮ এর বিধি মোতাবেক বিস্তারিত আলোচনান্তে Responsive দরপত্রদাতার মধ্যে মেসার্স জি.কে. বিল্ডার্স সর্বনিম্ন দরদাতা হিসেবে বিবেচিত হয় । ২৪/০৫/২০১৮তারিখে জনাব প্রধান প্রকৌশলী, ঢাকা গণপুর্ত জোন, ঢাকা মেসার্স জি.কে. বিল্ডার্স, (জিকেবি) ৬৯/এ, বাসাবো, ঢাকা এর সাথে ১,৪৪,৭৭,৪৮৬ লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যে ২৮/৬/২০১৮ তারিখে ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয়। জুন/২০২০ তারিখ পর্যন্ত ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ১,৩৮,০৯,৯১২ লক্ষটাকা (চুক্তিমল্যের১০০%)। কাজের মান সন্তোষজনক।






স্থির চিত্র : অডিটোরিয়াম হল র




স্থির চিত্র : অডিটোরিয়াম কনফারেন্স রুম




স্থির চিত্র : অডিটোরিয়াম গেষ্ট রুম






স্থির চিত্র : অডিটোরিয়াম বাথ রুম

(খ) ঢাকা গণপূর্ত বিভাগ (ই/এম) উপবিভাগ -১২:

৩০০ কেভিএ বৈদ্যুতিক উপ-কেন্দ্রের যন্ত্রপাতি সরবরাহ, স্থাপন ও চালুকরণ, বৈদ্যুতিক ওয়্যারিং, ফিটিংস ফিকচার ও পাখা সরবরাহ ও স্থাপন, অগ্নি- নির্বাপক যন্ত্র সরবরাহ ও স্থাপন, নিরাপত্তা বাতি সরবরাহ এবং সোলার পাওয়ার সিস্টেম সরবরাহ ও স্থাপনসহ আনুষংগিক কাজ সম্পাদন করেছে।

(১) ৩০০ কেভিএ বৈদ্যুতিক উপকেন্দ্র: ৩০০ কেভিএ বৈদ্যুতিক উপকেন্দ্রের যন্ত্রপাতি সরবরাহ খাতে ৩৪.০০ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে সমুদয় যন্ত্রপাতি সংগ্রহপূর্বক স্থাপন করা হয়েছে।



৩০০ কেভিএ বৈদ্যুতিক উপকেন্দ্রের যন্ত্রপাতির স্থির চিত্র:

(২) **সোলার পাওয়ার সিস্টেম সরবরাহ ও স্থাপনসহ আনষংগিক কাজ :** সোলার পাওয়ার সিস্টেম সরবরাহ ও স্থাপনসহ আনষংগিক সম্পাদনের জন্য ১০.০০ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ৩৪টি প্যানেল বিশিস্ট সোলার সিস্টেম স্থাপন করা হয়েছে ।



২

স্থির চিত্র : সোলার প্যানেল সিস্টেম

১৯। প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি ও আসবাবপত্রঃ

ক্রঃনঃ	দ্রব্যের নাম	পরিমাণ
Office Equipment		
1	Computer	2
2	Laptop	1
3	Scanner	2
4	Printer	3
5	Photo Copier	1
6	UPS	2
7	Video Camera	1
8	Digital Camera	1
9	Water purifier	2
	Total	15
Auditorium Sound System Fixturer & Others Accessories		
1	Power Amplifier(Power Aplifier -2800 Watt.)	2
2	Power Amplifier(Power Aplifier -1800 Watt.)	2
3	Stage Box Speaker	2
4	Monitor Speaker	2
5	Handbeld Microphone	5
6	Speaker Cable	2
7	Microphone Cable	3
8	Vocal Microphone	2
9	Speaker Stand	4
10	Soun Speaker Mixer	1
11	Stabilizer	1
12	Lyric Stand	1
13	Floor Stand	6
14	Installation & Accessories	1
	Total	36
Auditorium Lighting Fixturer & Others Accessories		
1	Laser Light	1
2	Service Light	2
3	Paragon Light	4
4	Semer Light	4
5	Smoke Machine	1
6	DMX	1
7	Dimmer	1
8	Down Light	50
9	Chain Light	1
10	Multimedia Projector	1
11	Projcetor Screen	1
12	Portable Trolly	1
	Total	68
Furniture		
1	Modular Conference Table for 50 Person	1
2	Chair for Conference Roor	50
3	Auditorium Chair	500
4	Steel Almirah	2
5	4 Drawer file Cabinet	5
6	Photocoy Machine Table	1
7	Executive Table with Drawer	10
8	Executive Table with Drawer	15
9	Computer Table	2
10	Dresing Table	2
11	Presidential Chair	10
12	Swivel Chair	10
13	Excutive Chair	50
14	Computer Chair	5
15	Dais Table	2
16	Steel Rack	4
17	Library Book Shelf	4
18	Notice Board	2
	Total:	675

২০। প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জনঃ

ডিপিপি অনুযায়ী পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন

(১)	অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিকরণ	প্রকল্পটি বাস্তবায়নের ফলে অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা বদ্ধি পেয়েছে।
(২)	সমাজের সুবিধাবঞ্চিত, দুস্থ, গৃহহীন এবং দারিদ্রক্লিস্ট শিশুদের বিশেষভাবে ধর্মরাজিকা অনাথালয় এবং ললিতকলা একাডেমির ছাত্রদের সাহায্য করা এবং সমাজের সুবিধাবঞ্চিত লোকদের উন্নতি সাধন করা।	প্রকল্পটি বাস্তবায়নের ফলে সমাজের সুবিধাবঞ্চিত, দুস্থ, গৃহহীন এবং দারিদ্র্যক্লিস্ট শিশুদের বিশেষভাবে ধর্মরাজিকা অনাথালয় এবং ললিতকলা একাডেমির ছাত্র এবং সমাজের সুবিধাবঞ্চিত লোকদের উন্নতি সাধিত হবে আশা করা যায়।
(৩)	বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং সমবায়ের মাধ্যমে আয়বৃদ্ধি করে আর্থ সামাজিক উন্নয়ন।	প্রকল্পটি বাস্তবায়নের ফলে সুবিধাবঞ্চিত, দুস্থ, গৃহহীন এবং দারিদ্রক্লিস্ট শিশুদের বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং সমবায়ের মাধ্যমে আয়বৃদ্ধির মাধ্যমে আর্থ সামাজিক উন্নয়ন সাধিত হবে।
(৪)	বৌ।দ্ধ সমাজের সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষার উন্নয়ন এবং তাদের জীবন সুস্থ ধারায় আনয়ন।	প্রকল্পটি বাস্তবায়নের ফলে বৌদ্ধ সমাজের সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষার উন্নয়ন এবং তাদের জীবনমান উন্নয়ন সাধিত হবে।
(৫)	প্রদর্শণীর মাধ্যমে বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরা।	প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রদর্শণীর মাধ্যমে বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরতে সহায়ক হবে।
(৬)	সমাজের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে পারস্পরিক সমঝোতার জন্য বৌদ্ধ ধর্মীয় শিক্ষার সুযোগ ও গবেষণার উন্নয়ন সাধন।	সমাজের বিভিন্ন সামাজিক কমিউনিটির মধ্যে পারস্পরিক সমঝোতা এবং সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে বৌদ্ধ ধর্মীয় শিক্ষার সুযোগ ও গবেষণার সুযোগ সৃস্টি হবে।
(৭)	সমাজ উন্নয়ন প্রকল্পের জন্য তথ্য সংগ্রহ এবং জরীপ পরিচালনা।	সমাজ উন্নয়ন প্রকল্পের জন্য তথ্য সংগ্রহ এবং জরীপ পরিচালনা করা সম্ভব হবে।
(৯)	নিদির্ষ্ট বিষয়ে সেমিনার, ওয়ার্কশপ , সিম্পোজিয়াম এবং প্রকাশনার মাধ্যমে ঐকমত্য সৃষ্টি করা।	৫০০ আসন ধারন ক্ষমতা সম্পন্ন সুসজ্জিত অডিটোরিম নির্মানের ফলে নিদির্ষ্ট বিষয়ে সেমিনার, ওয়ার্কশপ , সিম্পোজিয়াম সুচারুরুপে সম্পাদনের সুযোগ সৃস্টি হয়েছে।
(১১)	দেশের সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের জন্য বিনামুল্যে কমপক্ষে শতকরা ৩০ ভাগ সেবা প্রদান নিশ্চিত করা।	দেশের সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের জন্য বিনামুল্যে কমপক্ষে শতকরা ৩০ ভাগ জনগোষ্ঠী সেবা প্রদান করা হবে।

২১। **<u>প্রকল্পের অর্জনঃ</u>** ৫০০ আসন ধারন ক্ষমতা সম্পন্ন সুসজ্জিত অডিটোরিম নির্মানের ফলে নিদির্ষ্ট বিষয়ে সেমিনার, ওয়ার্কশপ সিম্পোজিয়াম সুচারুরুপে সম্পাদনের সুযোগ সৃস্টি হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা বদ্ধিরফলে বৌদ্ধ সমাজের সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষার উন্নয়ন এবং তাদের জীবনমান উন্নয়নের সুযোগ সৃস্টি হয়েছে । সমাজের সুবিধাবঞ্চিত, দুস্থ, গৃহহীন এবং দারিদ্র্যক্লিস্ট শিশুদের বিশেষভাবে ধর্মরাজিকা অনাথালয় এবং ললিতকলা একাডেমির ছাত্র এবং সমাজের সুবিধাবঞ্চিত লোকদের উন্নতি সাধিত হবে।

২২। **<u>প্রকল্পের প্রভাবঃ</u>**

(ক) **<u>সরাসরি প্রভাবঃ</u>** সমাজের সুবিধাবঞ্চিত, নিপিড়িত, গৃহহীন, দরিদ্র শিশুদের উপর এই প্রকল্পের প্রত্যক্ষ প্রভাব রয়েছে।বিশেষ করে ধর্মরাজিকা অরফানেজ, ধর্মরাজিকা ললিতকলা একাডেমীর শিক্ষার্থী যারা সামাজিকভাবে সুবিধাবঞ্চিতদের ক্ষেত্রে ।

(খ) **<u>পরোক্ষ প্রভাবঃ</u>** প্রত্যক্ষ প্রভাবের মত এ প্রকল্পের পরোক্ষ প্রভাবও রয়েছে। বিভিন্ন সভা, সেমিনার, ওয়ার্কশপ এর মাধ্যমে নিদির্স্ট বিষয়ে ঐক্য স্থাপন করা।

(গ) **<u>পরিবেশগত প্রভাবঃ</u>** এ প্রকল্পের জন্য পরিবেশের উপর কোন প্রত্যক্ষ বা পরোক্ষ প্রভাব পড়েনি। যদিও প্রকল্প বাস্তবায়নের সময় বিভিন্ন নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(ঘ) **দারিদ্র্য দুরকরন/হ্রাসকরনে অবদানঃ** দারিদ্র্য দূরীকরণ/হ্রাসকরণের ক্ষেত্রে আলোচ্য প্রকল্পের ব্যাপক প্রভাব রয়েছে। অডিটোরিয়াম কমপ্লেক্স থেকে উপার্জিত অর্থ অবহেলিত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক হবে। অরফানেজ এ অবস্থানরত এতিমদের ভরণ-পোষণ ও বিভিন্ন উন্নয়ন ক্ষেত্রে এ অর্থ ব্যয় করা হবে। এ ব্যবস্থার মাধ্যমে কমপক্ষে ৩০০ জন এতিম শিশু সরাসরি উপকৃত হবে।

২৩। **প্রকল্প বাস্তবায়নের সুফল এর Sustainability:** অডিটোরিয়াম কমপ্লেক্সটি পুরোপুরি চালূ হলে বছরে কমপক্ষে ১০ লক্ষ টাকা আয় হবে–যা অরফানেজ এর কল্যানের জন্য ব্যয় করা হবে। প্রকল্প বাস্তবায়নের সুফল এর Sustainability নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছেঃ

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এবং মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা ;
- সর্বোপরি কাজের মান ও দায়িত্ব।

২৪। আইএমইডি.র পর্যবেক্ষণ :

২৪.১। **স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রণয়নে বিলম্ব:** প্রকল্প পরিদর্শনকালে জানা যায় যে, প্রকল্পের আওতায় পুরাতন ভবনের উপর অডিটরিয়াম ও রেস্ট হাউজ নির্মাণ করা সম্ভব হবে কিনা তা যাচাই বাছাই করতে বেশ সময় অতিবাহিত হয়েছে। পরবর্তীতে ভবনের চতুর্পাশ ভেঙ্গে কাঠামোগত ডিজাইনের আলোকে শক্তিশালী কলাম তৈরীর মাধ্যমে অডিটরিয়াম অংশের কলামমুক্ত স্পেস তৈরী নিশ্চিত করে স্থাপত্য নকশা প্রস্তুত করে নির্মাণ কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। উক্ত নকশার Span Length অনেক বেশি থাকার ফলে নির্মাণ ব্যয় বৃদ্ধিসহ ডিজাইন জটিলতার কারনে পুনরায় Span Length কমিয়ে নকশা প্রস্তুত করা হয়। জটিল প্রকৃতির এ কাজটির ফাউন্ডেশনের মাটি উন্মুক্ত করার পর নীচে পানি থাকায় কাজটি বাস্তবায়নে সমস্যা দেখা দেয়ায় বিদ্যমান কলামের ফাউন্ডেশন ভার সহ্য করার জন্য যথোপযুক্ত না থাকায় ফাউন্ডেশন Retrofitting করা প্রয়োজন হয়। তাছাড়া বিভিন্ন ফ্লোরে বিভিন্ন সাইজের বিম, কলাম থাকায় এবং অনেকগুলো কলাম Retrofitting করার কারনে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়েছে।

২৪.২। **দরপত্র আহবানে বিলম্ব:**অনুমোদিত মুল ডিপিপি অনুযায়ী প্রকল্পটি নভেম্বর/২০১৪ থেকে জুন/২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রকল্পের নকশা পরিবর্তন হেতু দরপত্র আহবানে বিলম্ব হয়েছে। তাছাড়া নির্মাণ কাজের ১৩/০১/২০১৬ তারিখে ১ম বার দরপত্র আহবান করা হলে ১টি দরপত্র জমা পড়ে এবং উক্ত দরদাতার প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকায় তা বাতিল করে ৫/৪/২০১৬ তারিখে ২য় বার দরপত্র আহবান করা হলে নির্মাণ খাতে ডিপিপি মুল্য অপেক্ষা দরপত্র মূল্য অধিক হওয়ায় নির্মাণ কাজের ধরন কমিয়ে দরপত্র অনুমোদন করা হয়। এসব কারনে নির্দিস্ট সময় নির্মাণ কাজ শুরু করা সম্ভব হয়নি মর্মে পরিদর্শনকালে জানা যায়।

২৪.৩। **প্রত্যাশী সংস্থার অর্থ যথাসময়ে না পাওয়া:** নথি পর্যালোচনায় দেখা যায় প্রত্যাশী সংস্থা কর্তৃক ভূমি ক্রয় বাবদ ৫৫২.৩১ লক্ষ টাকা এবং নির্মাণ খাতে ১২৬.০০ লক্ষ টাকার সংস্থান থাকলেও সংস্থা সময়মত সম্পুর্ণ অর্থ সংস্থান করতে পারেনি। পরে মাননীয় প্রধানমন্ত্রীর কাছ থেকে প্রত্যাশী সংস্থা অনুদান হিসেবে ২ (দুই) কোটি টাকা বরাদ্দ পাওয়ায় সংস্থার কাজের অংশ হিসেবে অডিটোরিয়াম কমপ্লেক্স এর ইনটেরিয়র ডিজাইন, সাউন্ড সিস্টেম, লাইটিং স্টেজ ডেকোরেশন ইত্যাদি কাজগুলো সম্পাদন করা হয়েছে। প্রত্যাশী সংস্থা কর্তৃক যথাসময়ে অর্থের সংস্থান করতে না পারায় যথাসময়ে প্রকল্প সমাপ্তিতে বিঘ্ন ঘটেছে।

২৪.৪। **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over Run) :** মুল প্রকল্পটির নভেম্বর/২০১৪ হতে জুন/২০১৬ মেয়াদে অর্থাৎ ২০ মাসে বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। তবে প্রকল্পটি বাস্তবায়নে মোট ৪ বছর ৮ মাস সময় ব্যয় হয়েছে যা মুল অনুমোদিত বাস্তবায়নকাল হতে ৩ বছর (১৮০%) বেশী । ১ বছর ১০ মাসে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্প ১৮০% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূবেই সুফল পাওয়া যেতো ।

২৪.৫। **অডিট সংক্রান্তঃ**প্রকল্পের External Audit সম্পাদন করা হয়নি। External Audit সম্পাদন করে আইএমই বিভাগকে অবহিত করা প্রয়োজন।

২৫। **সুপারিশঃ**

২৫.১। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের ডিপিপি প্রণয়নের ক্ষেত্রে পারিপার্শ্বিক সকল বিষয়াদি বিবেচনায় এনে যথাযথভাবে ডিজাইন নিশ্চিত করে সে অনুযায়ী প্রাক্কলনপূবর্ক প্রকল্প বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নকারী সংস্থা অনুমোদিত

ব্যয়ে ও নির্ধারিত সময়-সীমার মধ্যে প্রকল্পের সকল অংগের বাস্তবায়ন আবশ্যিকভাবে সমাপ্তির লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে যাতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন না হয় (অনুচ্ছেদ-২৪.১ ও ২৪.২)।

২৫.২। বেসরকারী প্রচেষ্টায় আর্থ –সামাজিক খাতে গৃহীত প্রকল্পের সীমিত আকারে সরকারি সাহায্য প্রদানের জন্য সংশোধিত নীতিমালা অনুযায়ী প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রদেয় অর্থ আদায় নিশ্চিতকরনের লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক ভবিষ্যতে প্রকল্প অনুমোদন আদেশ জারীর পূর্বে প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রদেয় অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের ব্যবস্থা করা যেতে পারে, যাতে প্রত্যাশী সংস্থার অর্থ সংকটের কারনে প্রকল্পের কাজ অসমাপ্ত না থেকে যায় (অনুচ্ছেদ-২৪.৩)।

২৫.৩। প্রকলপ থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্বব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/ পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় (অনুচ্ছেদ-২৪.৪)

২৫.৪। ভবনের মুল ফটকের পাশে “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ বৌদ্ধ কৃস্টি প্রচার সংঘ যৌথভাবে নির্মিত বৌদ্ধ মহাবিহার অডিটোরিয়াম কমপ্লেক্স” উল্লেখপুর্বক সাইনবোর্ড স্থাপন করতে হবে।

২৫.৫। বেসরকারি প্রচেষ্টায় আর্থ-সামাজিক খাতে গৃহীত প্রকল্পে সীমিত আকারে সরকারী সাহায্য প্রদানের নীতিমালা এবং ডিপিপিতে উল্লেখিত প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী দেশের সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের জন্য বিনামুল্যে কমপক্ষ্যে শতকরা ৩০ ভাগ সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

২৫.৬। পিসিআর-এ External Audit সম্পর্কিত কোন তথ্য প্রদান করা হয়নি । দ্রুত অডিট সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

২৫.৭। বর্ণিত সুপারিশসমূহের আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

কনস্ট্রাকশন অব ফাইভ স্টোরেড ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন সেন্ট্রাল অফিস-কাম কমিউনিটি হল এ্যাট বালাশপুর, ময়মনসিংহ (সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: মার্চ, ২০১৯খ্রি:)

১.০ প্রকল্পেরনাম : **কনস্ট্রাকশন অব ফাইভস্টোরেড ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন সেন্ট্রাল অফিস-কাম কমিউনিটি হল এ্যাট বালাশপুর, ময়মনসিংহ (সংশোধিত)**

২.০ প্রকল্পেরঅবস্থান : ময়মনসিংহ জেলার সদর উপজেলার বালাশপুর বাজারে অবস্থান।

৩.০ উদ্যোগীমন্ত্রণালয়/বিভাগ : সমাজকল্যাণ মন্ত্রণালয়

৪.০ বাস্তবায়নকারীসংস্থা : সমাজসেবা অধিদফতর ও ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন, বালাশপুর, ময়মনসিংহ।

৫.০ অর্থায়নেরউৎস : বাংলাদেশ সরকারের অনুদান ও সংস্থার নিজস্ব অর্থায়ন

৬.০ প্রকল্পের অনুমোদিত প্রক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা (জিওবি)	সর্বশেষ সংশোধিত মোট টাকা (জিওবি)		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৬০০.২৯(৪৫০.২৯)	৮৪৪.০০(৬৩৪.০০)	৮৪৪.০০ (৬৩৪.০০)	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৫	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৭		--	--
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্ধি (১ম বার)				জুলাই, ২০১৩ হতে মার্চ, ২০১৯	জুলাই, ২০১৩ হতে মার্চ, ২০১৯	২৪৩.৭১ (৪০.৬%)	৩ বছর ৯মাস ২০০%

তথ্য সূত্র: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন

৭.০ প্রকল্পের পটভূমি:

প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ময়মনসিংহ জেলার তথা সারাদেশের গারো সম্প্রদায়ের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনসাধারণের সমাজিক, সাংস্কৃতিক মিলন কেন্দ্র, বিভিন্ন সচেতনতামূলক সেমিনার, কর্মশালা এবং আত্মনির্ভরশীলতা অর্জনে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণকেন্দ্র স্থাপিত হয়েছে। বাংলাদেশে গারো সম্প্রদায়ের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অধিকাংশই ময়মনসিংহ ও টাংগাইল জেলায় বসবাস করে। যাতে করে তারা এ সাংস্কৃতিক কেন্দ্রটি ময়মনসিংহ জেলায় স্থাপিত হওয়ায় সহজেই এ কেন্দ্র হতে তারা নানাবিধ সুবিধা গ্রহণ করতে পারে।

৮.০ প্রকল্পের উদ্দেশ্য:

ক) বৃহত্তর সহযোগিতা ওসমন্বয়ের মাধ্যমে আদিবাসী জনগোষ্ঠী/ক্ষুদ্র নৃগোষ্ঠীর অধিকার সংরক্ষণের প্রসার ঘটানো;
(খ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর দেশীয় সংস্কৃতির উন্নয়ন ও সম্প্রসারণ;
(গ) ক্ষুদ্র নৃগোষ্ঠী সংগঠন, অন্যান্য সামাজিক সংগঠন, সমমনা এনজিওদের মধ্যে অংশীদারিত্ব প্রতিষ্ঠার জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধাসহ অবকাঠামোগত সুবিধা নিশ্চিত করা;
(ঘ) ট্রাইবাল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যালয় এবং সেমিনার, সিম্পোজিয়ামের পাশাপাশি আদিবাসী সংস্কৃতির অনুশীলন ও প্রদর্শনীর জন্য ২০০ আসন বিশিষ্ট কমিউনিটি হলসহ একটি ২২৬২.৮৩ বর্গমিটার সমৃদ্ধ ৫ তলা ভবন নির্মাণ করা;

(ঙ) সুবিধাবঞ্চিত আদিবাসী/ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণকে তাদের পারিবারিক আয় বৃদ্ধির পাশাপাশি স্বাবলম্বীকরণে বিনামূল্যে প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার আয়োজনে সহায়তা করা।

৯.০ প্রকল্পের প্রধান প্রধান অংগ

- **আসবাবপত্র**
- **স্টেজ ডেকোরেশন**
- **ভূমিঅধিগ্রহণ**
- **নির্মাণকাজ**
- **পানিসরবরাহ এবং সেনিটারি কাজ**
- **বিদ্যুতায়ন**

১০.০ প্রকল্পের অনুমোদন পর্যায় ও সংশোধন

(ক) মূল প্রকল্পটি ৬০০.২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনামন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। পরবর্তীতে প্রকল্পের ১ম সংশোধনী ও ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বার প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করে ৮৪৪.০০ লক্ষ টাকা ব্যয়ে মেয়াদ মার্চ, ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয় এবং প্রকল্প সমাপ্ত হয়।

১১.০ প্রকল্পের অঙ্গভিত্তিকবাস্তবায়ন

ক্রম	অঙ্গেরনাম	পরিমাণ	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকৃতঅর্জন				বিচ্যুতির কারণ (+,-)
			আর্থিক			বাস্তব %	আর্থিক			বাস্তব %	
			জিওবি	সংস্থা	মোট		জিওবি	সংস্থা	মোট		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
(ক) রাজস্ব											
১	সম্মানী পিএসসি এবং পিআইসি সদস্য	থোক	০.০০	১.৫৮	১.৫৮	০.১৯%	০.০০	১.৫৮	১.৫৮	০.১৯%	
২	কপিং চার্জ সরবরাহ ও সেবা	থোক	০.০০	১.০০	১.০০	০.১২%	০.০০	১.০০	১.০০	০.১২%	
৩	কম্পিউটার সরঞ্জাম	থোক	০.০০	০.৩০	০.৩০	০.০৪%	০.০০	০.৩০	০.৩০	০.০৪%	
৪	অন্যান্য কন্টিনজেন্সি	থোক	০.০০	২.০০	২.০০	০.২৪%	০.০০	২.০০	২.০০	০.২৪%	
৫	জরিপ এবং ইনভেস্টিগেশন	থোক	০.০০	১.৫০	১.৫০	০.১৮%	০.০০	১.৫০	১.৫০	০.১৮%	
উপমোটরাজস্ব			০.০০	৬.৩৮	৬.৩৮	০.৭৬%	০.০০	৬.৩৮	৬.৩৮	০.৭৬%	
(খ) মূলধন											
৬	আসবাবপত্র	৩৬২	২৯.২৫	০.০০	২৯.২৫	৩.৪৭%	২৯.২৫	০.০০	২৯.২৫	৩.৪৭%	
৭	স্টেজ ডেকোরেশন	থোক	২৭.০০	০.০০	২৭.০০	৩.২০%	২৭.০০	০.০০	২৭.০০	৩.২০%	
৮	ভূমি অধিগ্রহণ	১৬ শতাংশ	০.০০	৫০.০০	৫০.০০	৫.৯২%	০.০০	৫০.০০	৫০.০০	৫.৯২%	

৯	নির্মাণকাজ	২২৩৬.১০ বর্গমি.	৪৭৭.৭০	১৫৩.৬২	৬৩১.৩২	৭৪.৮০%	৪৭৭.৭০	১৫৩.৬২	৬৩১.৩২	৭৪.৮০%	
১০	পানি সরবরাহ এবং সেনিটারী কাজ	২২৩৬.১০ বর্গমি.	১৬.০০	০.০০	১৬.০০	১.৯০%	১৬.০০	০.০০	১৬.০০	১.৯০%	
১১	বিদ্যুতায়ন	২২৩৬.১০ বর্গমি.	৮৪.০৫	০.০০	৮৪.০৫	৯.৯৬%	৮৪.০৫	০.০০	৮৪.০৫	৯.৯৬%	
উপমোটমূলধন			৬৩৪.০০	২০৩.৬২	৮৩৭.৬২	৯৯.২৪%	৬৩৪.০০	২০৩.৬২	৮৩৭.৬২	৯৯.২৪%	
সর্বমোট			৬৩৪.০০	২১০.০০	৮৪৪.০০	১০০.০০%	৬৩৪.০০	২১০.০০	৮৪৪.০০	১০০.০০%	

(লক্ষ টাকায়)

সূত্র: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

১২.০ বছর ভিত্তিক সংশোধিত এডিপি অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্তি ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	মূল/সর্বশেষ সংশোধিতঅনুমোদিতডিপিপি/টিপিপিতেসংস্থান			মূল/সংশোধিতএডিপিবরাদ্দ	অবমুক্তকৃত টাকা	আর্থিক ব্যয় (জিওবি)
	মোট (টাকা)			মোট (টাকা)		
	জিওবি	সংস্থা	মোট			
২০১৩-১৪	০.০০	৫০.০০	৫০.০০	০.০০	০.০০	০.০০
২০১৪-১৫	১২৬.৪৮	১০১.৫০	২২৭.৯৮	৮১.০০	৮১.০০	৮১.০০
২০১৫-১৬	৩০০.০০	১.৪১	৩০১.৪১	৩০০.০০	৩০০.০০	৩০০.০০
২০১৬-১৭	১৯৯.৭০	১০৬.৩৫	৩০৬.০৫	১৫০.০০	১৫০.০০	১৫০.০০
২০১৭-১৮	৫৩.৩০	৫২.২৪	১০৫.৫৪	৪৬.২৫	৪৬.২৫	৮.০০
২০১৮-১৯	০.০০	০.০০	০.০০	৯৫.০০	৯৫.০০	৯৫.০০
মোট =	৬৩৪.০০	২১০.০০	৮৪৪.০০	৬৭২.২৫	৬৭২.২৫	৬৩৪.০০

সূত্রঃ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

১৩.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	একাধিকপ্রকল্পেরদায়িত্বেকিনা	তারিখ		মন্তব্য
				যোগদান	বদলি/মেয়াদ শেষ	
১	২	৩	৪	৫	৬	৭
মোহাম্মদ রফিকুল হক উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ	না	হ্যাঁ	না	২০ নভেম্বর ২০১৩	৩১ মে ২০১৫	
মোঃ আমিনুল ইসলাম উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ	না	হ্যাঁ	না	০৯ আগস্ট ২০১৫	১৫ নভেম্বর ২০১৭	
রাজু আহম্মেদ সহকারী পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ	না	হ্যাঁ	না	১৬ নভেম্বর ২০১৭	২০ জানুয়ারি ২০১৮	
মোহাম্মদ রবিউল ইসলাম উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ	না	হ্যাঁ	না	২১ জানুয়ারি ২০১৮	১৫ জুলাই ২০১৮	
আবু আব্দুল্লা মোঃ ওয়ালীউল্লাহ উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ	না	হ্যাঁ	না	১৬ জুলাই ২০১৮	৩১ মার্চ ২০১৯	প্রকল্প সমাপ্তির ৩১.০৫.২০১৯

সূত্রঃ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

১৪.০ অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

নিরীক্ষার সময়	নিরীক্ষা প্রতিবেদন জমাদানের তারিখ	মূল আপত্তি সমূহ	আপত্তি সমাধান হয়েছে কিনা?
১	২	৩	৪
১২.১১.২০২১ হতে ১৬.১১.২০২১		নিরীক্ষা দল কর্তৃক কোন আপত্তি উত্থাপিত হয়নি।	নিরীক্ষা দল কর্তৃক কোন আপত্তি উত্থাপিত হয়নি।

সূত্রঃপ্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

১৫.০ ক্রয় সংক্রান্ত তথ্য:

(ক) ক্রয় কাজ বিশ্লেষণে দেখা যায় ডিপিপি'র মোট ক্রয় পরিকল্পনায় পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ে ২টি প্যাকেজ এবং পূর্তকাজে জন্য ২টি প্যাকেজ ক্রয় করা হয়েছে। এলজিইডি পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ে ২টি প্যাকেজ এবং পূর্তকাজের ১টি প্যাকেজ একই প্যাকেজে টেন্ডার আহবান করেছে। OTM পদ্ধতিতে E-Gp তে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।

(খ)প্রকল্পের মূল ক্রয় পূর্ত কাজ অর্পিত কাজ হিসেবে এলডিইডি, ময়মনসিংহ সম্পন্ন করে।

দরপত্র নথি অনুসারে পণ্য, পূর্ত ও সেবা ক্রয়ের বিবরণ	দরপত্র/প্রস্তাবিত মূল্য (কোটি টাকায়)		দরপত্র/প্রস্তাব		সম্পাদনের তারিখ	
	আরডিপিপিঅনুযায়ী	চুক্তিরমূল্য	আহবানেরতারিখ	চুক্তিস্বাক্ষরের তারিখ	চুক্তিঅনুযায়ী	প্রকৃত
১	২	৩	৪	৫	৬	৭
নির্মাণ ব্যয়	৬৩১.৩২ (৪৭৭.৭০+ ১৫৩.৬২)	৬৩১.৩২	২৪/১২/২০১৪	২১/০৫/২০১৫	৩০/১২/২০১৮	২৮/০৩/২০১৯

সূত্রঃ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

১৬.০ মূল্যায়ন পদ্ধতি

প্রকল্পটি মূল্যায়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

(ক) অনুমোদিত প্রকল্প দলিল পর্যালোচনা;

(খ) সমাপ্ত প্রকল্পের পিসিআর অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

(গ) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

(ঘ) সম্পাদিত কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন, সংগৃহিত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং উপকারভোগিদের সাথে আলোচনা।

১৭.০ পরিদর্শিত এলাকা: ময়মনসিংহ জেলার সদর উপজেলার বালাশপুর।

১৮.০ পরিদর্শন পর্যবেক্ষণ

১৮.১ ট্রাইবাল কালচারাল ভবন: ৫ তলা বিশিষ্ট ট্রাইবাল কালচারাল ভবন নির্মাণ করা হয়েছে। ২২৩৬.১০ বর্গ মি. আয়তন ভবনের নিচতলায় হল রুম ২০০ আসন বিশিষ্ট। ২য় তলায় ডরমেটরি হিসেবে ৮টি রুম রয়েছে। ৩য় তলায় প্রশিক্ষণ কক্ষ (ভাড়া দেওয়া) ও অফিস রুম রয়েছে। ৪র্থ তলায় ৪টি রুম এবং ৫ম তলায় ছাত্রদের হোস্টেল রুম রয়েছে।

১৮.২ পানি সরবরাহ এবং সেনিটারি কাজ: ৫০০০ গ্যালনবিশিষ্ট ওয়াটার রিজর্ভার এবং পাম্প হাউস নির্মাণ করা হয়েছে। ডিপিপি'তে ১৬.০০ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ০৬.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১৮.৩ বিদ্যুতায়ন: ডিপিপি অনুযায়ী বিদ্যুতায়নের ক্ষেত্রে ৮৪.০৫ লক্ষ টাকা বরাদ্দ সংস্থান রয়েছে এবং সে অনুযায়ী ভবনটিতে বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে।

১৮.৪ স্টেজ ডেকোরেশন: স্টেজ ডেকারেশন অংগের ডিপিপিতে বরাদ্দ রয়েছে ২৭.০০ লক্ষ টাকা। পরিদর্শনকালে দেখা যায় স্টেজ ডেকারেশন সম্পন্ন হয়েছে তার স্টেজের পেছনের ডেকোরেশন আংশিক খুলে পড়েছে বলে পরিদর্শনে দেখা যায়।

১৮.৫ আসবাবপত্র: আসবাপপত্র অংগে রয়েছে ২৯.২৫ লক্ষ টাকা। ডিপিপিতে ৩৬২ টি আসবাবপত্র ক্রয়ের কথা রয়েছে। ৩৬২টি আসবাপত্র পাওয়া যায়। তবে কিছু কিছু আসবাবপত্রের সঠিক ব্যবহার ও ব্যবস্থাপনা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়।

১৮.৬ পরিদর্শনকালে নির্মাণ কাজের স্থির চিত্র:













১৯.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
(ক) বৃহত্তর সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে আদিবাসী জনগোষ্ঠী/ক্ষুদ্র নৃগোষ্ঠীর অধিকার সংরক্ষণের প্রসার ঘটানো;	ভবন নির্মিত হওয়ায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগন বিভিন্ন উৎসবে একসাথে মিলিত হওয়ার সুযোগ পাচ্ছে। তাদের সংগঠনের সাধারণ সভাসহ বিভিন্ন সভা সেমিনার আয়োজনের সুযোগ তৈরি হয়েছে বলে এ উদ্দেশ্য অর্জিত হয়েছে।
(খ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর দেশীয় সংস্কৃতির উন্নয়ন ও সম্প্রসারণ;	ভবনটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগনের সাংস্কৃতিক বিকাশের মিলন কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে।
(গ) ক্ষুদ্র নৃগোষ্ঠী সংগঠন, অন্যান্য সামাজিক সংগঠন, সমমনা এনজিওদের মধ্যে অংশীদারিত্ব প্রতিষ্ঠার জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধাসহ অবকাঠামোগত সুবিধা নিশ্চিত করা;	পর্যাপ্ত সুবিধা সম্বলিত অবকাঠামো নির্মিত হয়েছে।
(ঘ) ট্রাইবাল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যালয় এবং সেমিনার, সিম্পোজিয়ামের পাশাপাশি আদিবাসী সংস্কৃতির অনুশীলন ও প্রদর্শনীর জন্য ২০০ আসন বিশিষ্ট কমিউনিটি হলসহ একটি ২২৬২.৮৩ বর্গমিটার সমৃদ্ধ ৫ তলা ভবন নির্মাণ করা;	২২৬২.৮৩ বর্গমিটার বিশিষ্ট ৫তলা কালচারাল ভবন, ২০০ আসন বিশিষ্ট কমিউনিটি হল রুম নির্মিত হয়েছে যা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগন নিয়মিতভাবে ব্যবহার করছেন।
(ঙ) সুবিধাবঞ্চিত আদিবাসী/ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণকে তাদের পারিবারিক আয় বৃদ্ধির পাশাপাশি স্বাবলম্বীকরণে বিনামূল্যে প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার আয়োজনে সহায়তা করা।	ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগনের আত্ম-নির্ভরশীলতা অর্জনে নিয়মিতভাবে বিনামূল্যে, সংস্থার নিজস্ব ব্যবস্থাপনায় বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার আয়োজিত হচ্ছে।

২০.০ প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব

প্রত্যক্ষ ফলাফল:

ক) প্রতিদিন ২০০ আসনের হল রুম ব্যবহারের সুযোগ রয়েছে;

খ) প্রত্যাশী সংস্থার কেন্দ্রিয় কার্যালয় স্থাপিত হয়েছে।

পরোক্ষ ফলাফল:

প্রকল্পের আওতায়, সচেতনতামূলক কার্যক্রম এবং প্রত্যাশী সংস্থার মাধ্যমে পরোক্ষভাবে বছরে ১০০০ জন সেবা পেয়ে থাকে।

২১.০ সার্বিক পর্যবেক্ষণ

২১.১ প্রকল্পের কার্যক্রম পর্যালোচনা: প্রকল্পের মোট ব্যয় ৮৪৪.০০ লক্ষ টাকা যার মধ্যে জিওবি ৬৩৪.০০ লক্ষ টাকা এবং সংস্থার অংশের ব্যয় ২১০.০০ লক্ষ টাকা। প্রকল্পের ভৌত অগ্রগতি ১০০% এবং আর্থিক অগ্রগতি ১০০%।

২১.২ প্রকল্পের প্রধান অংগের মধ্যে রয়েছে ২২৩৬.১০ বর্গ মি. ভবন নির্মাণ, স্টেজ ডেকোরেশন, পানি সরবরাহ, স্যানেটারি, বিদ্যুতায়ন, আসবাবপত্র ক্রয় অংগের কাজ সমাপ্ত হয়েছে বলে পরিদর্শনকালে দেখা যায়। তবে প্রকল্পের প্রায় প্রতি তলাতেই কিছু কক্ষের দেওয়াল ও ছাদের সংযোগ স্থলে ফাটল দৃশ্যমান হয়। পাঁচতলায় কোনার দিকের একটি দেওয়াল ও পিলারের দিকের কিছু অংশে ক্ষতির পরিমাণ কিছুটা বেশি। স্টেজ ডেকোরেশনের পিছনের দেওয়াল ব্যবহার অন উপযোগী হয়ে পড়েছে, ভবনের নিচতলায় এক দিকের সিলিং ডেকোরেশনের একদিকে খুলে পড়েছে। পুরো ভবনের সঠিক ব্যবস্থাপনার অভাব পরিলক্ষিত হয়।

২১.৩ প্রকল্পের হারাহারি অংশের অর্থ ব্যয়: সংস্থার অংশের মোট ২১০.০০ লক্ষ টাকা প্রদানের বিপরীতে ২১০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যেখানে ভূমি অধিগ্রহণ অংগে ৫০.০০ লক্ষ ও নির্মাণ কাজে ১৫৩.৬২ লক্ষ টকা ব্যয় হয়েছে।

২১.৪ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ডিপিপির সংস্থান অনুযায়ী প্রত্যেকটি অঙ্গ শতভাগ সম্পন্ন হয়েছে (বাস্তব অগ্রগতি ১০০%) এবং আর্থিক অগ্রগতি ১০০%। প্রত্যাশী সংস্থা ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন তাদের হারাহারিভাবে নির্ধারিত অংশ প্রদান করেছে।

২১.৫ প্রকল্পের কার্যক্রম অসমাপ্ত থাকার কারণ:

প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে প্রতিফলিত তথ্যমতে, প্রকল্পের অনুমোদিত অংগসমূহের বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

২১.৬ প্রকল্প মনিটরিং ব্যবস্থা:

পিসিআর পর্যালোচনায় দেখা যায় , প্রকল্পটি সার্বিক কার্যক্রমের অগ্রগতি মনিটরিং এ সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ০৩ সদস্যের কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি নিম্নরূপ:

১. তাহমিনাআক্তার, পরিচালক, বিভাগীয়সমাজসেবাকার্যালয়, ময়মনসিংহ
২. সরকার নাসিমা আখতার, সহকারী পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ
৩. মোহাম্মদ কাজী নিমেরী, গবেষণাকর্মকর্তা, পরিকল্পনা ও উন্নয়নশাখা, সমাজসেবা অধিদপ্তর

বর্ণিত কমিটি কর্তৃক প্রকল্পের নির্মাণ কাজের বাস্তবায়ন সম্পর্কিত মতামত দিয়েছেন।

২২.০ মতামত/সুপারিশ:

২২.১ মূল ডিপিপি'তে প্রকল্পের বাস্তবায়নকাল ছিল জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৫। প্রকল্পটি বাস্তবায়ন পর্যায়ে সংশোধন ও প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্ধি করায় মার্চ, ২০১৯ এ শেষ হয় প্রকল্প অর্থাৎ সময় অতিক্রান্ত হয়েছে ২০০%। ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের শুরু থেকে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা করে নির্ধারিত মেয়াদে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

২২.২ প্রকল্পটি মার্চ ২০১৯ এ শেষ হলেও প্রকল্প সমাপ্তি প্রতিবেদন জুলাই ২০২৩ এ প্রদান করা হয়েছে। প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। পরবর্তীতে সমাপ্ত প্রকল্পের পিসিআর যথাসময়ে দাখিলের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তর কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন;

২২.৩ প্রকল্পের আওতায় নির্মিত ভবনটির যথাযথ সংরক্ষণ ও ব্যবস্থাপনার স্বার্থে সংশ্লিষ্ট অধিদপ্তর/মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;

২২.৪ উল্লিখিত সুপারিশের উপর গৃহীত ব্যবস্থা ১৫ সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

এস্টাবলিশমেন্ট অব শহীদ এটিএম জাফর আলম ডায়াবেটিক এন্ড কমিউনিটি হাসপাতাল, উখিয়া, কক্সবাজার

শীর্ষক **সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম : এস্টাবলিশমেন্ট অব শহীদ এটিএম জাফর আলম ডায়াবেটিক এন্ড কমিউনিটি হাসপাতাল, উখিয়া, কক্সবাজার।

২। উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ : সমাজকল্যাণ মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : সমাজসেবা অধিদপ্তর ও লোকাল মেডিকেল এসিসটেন্ট এন্ড ফ্যামিলি প্ল্যানিং ওয়েলফেয়ার এসোসিয়েশন অব বাংলাদেশ।

৪। প্রকল্পের অর্থায়ন : বাংলাদেশ সরকারের অনুদান এবং প্রত্যাশী সংস্থার অর্থায়ন।

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২৫২৮.৭৪	২৬৩৭.১৬	২৫৪৮.৮৭	জানু, ২০১৭ হতে জুন, ২০১৯	জানু, ২০১৭ হতে জুন, ২০১৯	জানু, ২০১৭ হতে জুন, ২০১৯	১০৮.৪২ টাকা (৪.২৯%)	

৬। **প্রকল্প এলাকা:**

বিভাগ	জেলা	উপজেলা
চট্টগ্রাম	কক্সবাজার	উখিয়া

৭। প্রকল্পের উদ্দেশ্য:

- প্রকল্প এলাকার জনগণের জন্য সার্বিক স্বাস্থ্য উন্নয়নের জন্য কমিউনিটি বেজড হাসপাতাল তৈরী করা;
- পাঁচ তলা ফাউন্ডেশন বিশিষ্ট পাঁচতলার একটি হাসপাতাল তৈরী করা;
- প্রকল্প এলাকার জনগণের স্বাস্থ্য উন্নয়নের জন্য সাধারণ স্বাস্থ্য সেবা চালুর পাশাপাশি ডায়াবেটিক রোগীদের জন্য স্বাস্থ্য সেবা চালুকরণ; এবং
- ৩০% গরীব, দুস্থ এবং সুবিধাবঞ্চিত রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান।

৮। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- ভূমি ক্রয় ১৮৫ শতাংশ;
- অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ ৩৩৫৮৭ বর্গমিটার;
- যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম (হাসপাতাল যন্ত্রপাতি, ৪৫৮২টি);
- আসবাবপত্র হাসপাতাল ২৪১৫টি;
- গাড়ি ক্রয় (৩টি এ্যাম্বুলেন্স)।

৯। **<u>প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:</u>**

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		
			সংস্থা	জিওবি	মোট	সংস্থা	জিওবি	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)	(৯)	(১০)
(ক) রাজস্ব ব্যয়:								
১.	কর্মকর্তা/কর্মচারীদের বেতন	সংখ্যা	৭০.০০	০.০০	৭০.০০	৭০.০০ ১০০%	০.০০	৭০.০০ ১০০%
২.	সরবরাহ ও সেবা		৩৮.০০	০.০০	৩৮.০০	৩৮.০০ ১০০%	০.০০	২৮.০০ ১০০%
	উপ-মোট রাজস্ব ব্যয়:		**১০৮.০০**	**০.০০**	**১০৮.০০**	**১০৮.০০**	**০.০০**	**১০৮.০০**
(খ) মূলধন ব্যয়:								
৩.	ভূমি ক্রয়	১৮৫ শতাংশ	৩৪০.০০	০.০০	৩৪০.০০	৩৪০.০০ ১০০%	০.০০	৩৪০.০০ ১০০%
৪.	অন্যান্য ভবন ও অবকাঠামো	৩৩৫৮৭ ব:মি:	০.০০	১৪১৪.৩২	১৪১৪.৩২	০.০০	১৪০৭.১৪	১৪০৭.১৪
৫.	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম (হাসপাতাল যন্ত্রপাতি)	৪৫৮২টি	০.০০	৫০৭.৭৬	৫০৭.৭৬	০.০০	৫০৬.৭১	৫০৬.৭১
৬.	আসবাবপত্র হাসপাতাল	২৪১৫টি	০.০০	১৪৭.০৮	১৪৭.০৮	০.০০	১৪৭.০২	১৪৭.০২
৭.	গাড়ি ক্রয় এ্যাম্বুলেন্স	৩টি	৮০.০০	৪০.০০	১২০.০০	০.০০	৪০.০০ ১টি	৪০.০০
	উপ-মোট মুলধন ব্যয়:		৪২০.০০	২১০৯.১৬	২৫২৯.১৬	৩৪০.০০	২১০০.৮৭	২৪৪০.৮৭
	মোট (রাজস্ব+মূলধন):		৫২৮.০০	২১০৯.১৬	২৬৩৭.১৬	৪৪৮.০০	২১০০.৮৭	২৫৪৮.৮৭
	Constructio n of Drain	ক) ০৯/১১/২০১৬ খ) ০৭/১২/২০১৬ গ) ২১/১২/২০১৬ ঘ) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক	দৈনিক ইত্তেফাক ডেইলী সান দি ইন্ডিপেন্ডেন্ট এবং সিপিটিইউ	ক) ৩টি খ) ৩টি গ) ৩টি	ক) ২৩.০০ খ) ২২.৯৮৪৬৭ গ) ০.০৮%	ক) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক খ) ১৫/০১/২০১৭	ক) ১৫/০১/২০১৭ খ) ১৫/০১/২০১৭ গ) ৩০/০৬/২০১৮ ঘ)৩০/০৬/২০১৯	M/S Arif Enterprise ,Kha-52 South Badda Gulshan, Dhaka.	১৮২০ বঃ মিঃ	২২.৯৮৪৬৭ লক্ষ টাকা
৯	**সিসিটিভি (একাডেমিক বিল্ডিং**	ক) ১০/১১/২০১৬ খ) ৮/১২২০১৬ গ) ২২/১২/২০১৬ ঘ) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক	দৈনিক ইত্তেফাক ডেইলী সান দি ইন্ডিপেন্ডেন্ট এবং সিপিটিইউ	ক) ৩টি খ) ৩টি গ) ৩টি	ক) ৫৪.০০ খ) ৫৪.০০ গ) -	ক) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক খ) ১৫/০১/২০১৭	ক) ১৫/০১/২০১৭ খ) ১৫/০১/২০১৭ গ) ৩০/০৬/২০১৮	এস আলম ডেভার্স, ২৫/১৩ খিলজি রোড, ঢাকা	৪৫টি	৫৪.০০ লক্ষ টাকা

							ঘ)৩০/০৬/২০১৯			
১০	**Supply of Equipment**	ক) ১০/১১/২০১৬ খ) ৮/১২/২০১৬ গ) ২২/১২/২০১৬ ঘ) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক	দৈনিক ইত্তেফাক ডেইলী সান দি ইন্ডিপেন্ডেন্ট এবং সিপিটিইউ	ক) ৩টি খ) ৩টি গ) ৩টি	ক) ৩৮৫.২০ খ) ৩৮৫.০০ গ) - ঘ) ০.০৫%	ক) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক খ) ১৫/০১/২০১৭	ক) ১৫/০১/২০১৭ খ) ১৫/০১/২০১৭ গ) ৩০/০৬/২০১৮ ঘ)৩০/০৬/২০১৯	STARWAY AIR CONDITIONING Shymoli, Dhaka	৬২২৬ টি	৩৮৫.২০ লক্ষ টাকা
১১	**Supply of Furniture**	ক) ১০/১১/২০১৬ খ) ৮/১২/২০১৬ গ) ২২/১২/২০১৬ ঘ) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক	দৈনিক ইত্তেফাক ডেইলী সান দি ইন্ডিপেন্ডেন্ট এবং সিপিটিইউ	ক) ৩টি খ) ৩টি গ) ৩টি	ক) ২৬.৫০ খ) ২৬.৪৫ গ) - ঘ) ০.১৮%	ক) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক খ) ১৫/০১/২০১৭	ক) ১৫/০১/২০১৭ খ) ১৫/০১/২০১৭ গ) ৩০/০৬/২০১৮ ঘ)৩০/০৬/২০১৯	এস আলম ডেভার্স, ২৫/১৩ খিলজি রোড, ঢাকা	২৫৩টি	২৬.৪৫ লক্ষ টাকা
১২	**Supply & Installation of Fire Fighting**	ক) ৫/৮/২০১৭ খ) ২৯/৮/২০১৭ গ) ১২/৯/২০১৭ ঘ) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক	দৈনিক ইত্তেফাক ডেইলী সান দি ইন্ডিপেন্ডেন্ট এবং সিপিটিইউ	ক) ৩টি খ) ৩টি গ) ৩টি	ক) ৩০.০০ খ) ২৯.৯৯২ গ) - ঘ) ০.০২%	ক) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক খ) ২৪/১০/২০১৭	ক) ১৫/০১/২০১৭ খ) ১৫/০১/২০১৭ গ) ৩০/০৬/২০১৮ ঘ)৩০/০৬/২০১৯	M/S Shahriar Enterprise Kadamtali,Khagrachari, ,Sadar, Kagrachari	০৮ ফ্লোর	২৯.৯৯২ লক্ষ টাকা
১৩	**Supply of Equipment (Hyperbaric Oxygen Chamber**	ক) ৫/৮/২০১৭ খ) ২৯/৮/২০১৭ গ) ১২/৯/২০১৭ ঘ) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক	দৈনিক ইত্তেফাক ডেইলী সান দি ইন্ডিপেন্ডেন্ট এবং সিপিটিইউ	ক) ৩টি খ) ৩টি গ) ৩টি	ক) ৫১৫.০০ খ) ৫১৪.৯০ গ) - ঘ) ০.০১%	ক) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক খ) ২৪/১০/২০১৭	ক) ১৫/০১/২০১৭ খ) ১৫/০১/২০১৭ গ) ৩০/০৬/২০১৮ ঘ)৩০/০৬/২০১৯	STAR Shariar(,jV) Shymoli, Dhaka		৫১৪.৯০ লক্ষ টাকা
১৪	**Supply & Installation of Lift**	ক) ৫/৮/২০১৭ খ) ২৯/৮/২০১৭ গ) ১২/৯/২০১৭ ঘ) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক	দৈনিক ইত্তেফাক ডেইলী সান দি ইন্ডিপেন্ডেন্ট এবং সিপিটিইউ	ক) ৩টি খ) ৩টি গ) ৩টি	ক) ২০০.০০ খ) ১৯৯.৪০ গ) - ঘ) ০.০৩%	ক) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক খ) ২৪/১০/২০১৭	ক) ১৫/০১/২০১৭ খ) ১৫/০১/২০১৭ গ) ৩০/০৬/২০১৮ ঘ)৩০/০৬/২০১৯	M/S Hydrau Electro Mechanical	০৪টি	১৯৯.৪০ লক্ষ টাকা
১৫	**Construction of Outdoor Sensory Garden**	ক) ০৫/০২/২০১৯ খ) ১০/০৩/২০১৯ গ) ২৮/৩/২০১৯ ঘ) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক	দৈনিক ইত্তেফাক ডেইলী সান দি ইন্ডিপেন্ডেন্ট এবং সিপিটিইউ	ক) ৩টি খ) ৩টি গ) ৩টি	ক) ১১১৪.১৬৬৮৪ খ) ১১১৪.১৬ গ) - ঘ)	ক) কর্ণেল মোঃ শহীদুল আলম, প্রকল্প পরিচালক খ) ২৪/১০/২০১৭	ক) ১০/৪/২০১৯ খ) ১০/৪/২০১৯ গ) ৩০/০৬/২০১৯ ঘ)৩০/০৬/২০১৯	s.Mahmood International Ltd , House 15 Uttara, Dhaka	৬৬৭৩ ব:মি:	১১১৪.১৬ লক্ষ টাকা

Sensory Garden এর স্থির চিত্র

২০। **<u>দরপত্র ক্রয় প্রক্রিয়া ও বাস্তবায়ন:</u>**আলোচ্য প্রকল্পের আওতায় পুর্ত কাজ ,পণ্য ক্রয় এবং সেবা সংক্রান্ত কাজ নিম্নবর্ণিত প্যাকেজে সম্পাদন করা হয়েছে:

২১। **<u>প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি ও আসবাবপত্র</u>**

ক্র: ন:ু	দ্রব্যের নাম	পরিমাণ /সংখ্যা	ক্র: ন:	দ্রব্যের নাম	পরিমাণ /সংখ্যা
Swimming & Gydrotherapetic Pool					
1.	Raw Water Feed Pump	2	**Occupational Therapy**		
2.	<u>Iron Removal Filter</u>	1	1	Round hand therapy gtable	2
3.	Multi grade Sand Filter	1	2.	Shelf for the equipments	4

4	Ozone Generator	1	3.	Wall Mounted equipment shelf	2
5.	Activated Carbon Filter	1	4.	Wall Mounted Ladder	2
6.	UV System	1	5.	Wall Mounted Climbver	2
7.	PH Correction Dosing	1	Total		12
8.	Chlorine Dosing	1	**Speech and Language Therapy**		
9.	Under water vacuum pump	1	1.	Adjustable Trapezad	15
10.	Under water light	6	2.	Oval Shaped Table	5
Hydrjotherapeutic :			3.	Flexi Access Unit for Toys	10
11.	SPA Zet	18	4.	Captains Chair	20
12.	Air Valve	6	5..	Teachers Chair	15
13.	Water Pump	2	6.	Shoe ¢apboard	5
14.	Under water light with transpormer	2	7.	Bench	10
15.	Vacuum Pump	1	Total		80
16.	Water Hiteer	1	**Physio Theraphy**		
17.	Air Blower	1	1.	Chair	6
18.	WaterFilter	1	2.	Table with cabinet	4
Total		48	3.	File cabinet	4
Furnituere for Guest House			4.	Standing frame	8
1.	Bed	8	5.	Balance board	10
2.	Reading Table	8	6.	Wooden stair	4
3	Special Chjai	8	7.	Wooden chair	15
4.	Sofa	11	8.	Corner chair	6
5.	Book Self	6	Togtal		57
6.	Side Rack	6	Grant Total		253
7.	Cabinet	6			
8.	Dinning Chir	40			
9.	Dinning Table	6			
10.	Steel Almera	5			
Total		104			
General Equipments					
1.	Central Audio System	1	19	Access Rack	4
2.	Computer for Office	2	20	Database server	1
3	Water purification system	1	21	Mail server	1
4	Projector with screen	1	22	Web server	1
5	AC 1.5 ton	16	23	Ultpoint control Unit	1
6	Fogger Machine	1	24	Upgrade PAK	1
7	AC 2 ton	18	25	Tele-presence	11
8	AC 5 ton	5	26	Laptop	5
9	Core Router	1	**Other Accessories**		
10	Core Firewall	1	27	Single face plate	168
11	Bandwidth Manager /UT M Box	1	28	Patch panel	10
12	Servdr farm switch	1	29	Patch cord	168
13	Distribution switch	1	30	Patch cord	170
14	Access switch	10	31	Cable Manager	10
15	Wireless Controller	1	32	PVC Pipe	5000
16	Wireless Access point	20	33	Accessories	1
17	UTP cable	35	34	Installation	168
18	server	1	Total		5837
Medical Equipments					
1.	Hyperbaric Oxygn Chambr	1	10	Auriscope	2
2	Table for Doctor	3	11	BP instrument	2
3	Chair for Doctor	3	12	Stethoscope littman	2
4	Examination table round	3	13	Tray for keeping instrument	2
5	Still Almeria for keeping document	3	14	Screen	4
6	Rack for keeping medicine	4	15	Hot water bag	6

7	View box	2	16	Stand Fan (big)	2
8	File Rack	2	17	Gluco metre Machine	2
9	View box	2	18	Gluco metre step	200
Total					245
Speech and Language Therapy			Equipments for Indoor play station		
1	PECS Tools	10	1	Tunnel	3
Ocupational Therapy			2	T-swing	4
2	Conair SU sound Therapy, silver	20	3	trampoline	2
3	Pillowsonic stereo Pillow speaker	20	4	Obtracly courses	2
			5	Big size play station with slipper	2
Physio Therapy			6	Ball house	1
4	Table (Blocked)	2	7	Motor car	10
5	Trampoline	2	8	Scating	5
Total		54	9	scuter	10
Early childhood development			10	Flat seing with stand	3
1	Jig Jag, straight Line for PT	1	11	Tire seing with stand	5
			12	Horse plastic	5
			13	Horse wood	5
			14	Sensory motor toys	20
			15	Sland house	1
	Total				78
	Grant Total				6263

২২। প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জনঃ

ডিপিপি অনুযায়ী পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
ক) ৬৫০ জন বিশেষশিশুর জন্য ঢাকা ক্যান্টনমেন্টে অবস্থিত প্রয়াসের বিদ্যমান সুবিধাদির সম্প্রসারন ও উন্নয়ন (একাডেমিক ভবন, স্টাফদের আবাসন, মাল্টিপারপাস হল , হাইড্রোথেরাপি পুলসহ আনুষংগিক সুবিধাদি তৈরী)	৬ তলা বিশিস্ট একাডেমিক ভবন, স্টাফদের আবাসন, মাল্টিপারপাস হল , হাইড্রোথেরাপি পুলসহ আনুষংগিক সুবিধাদি তৈরী করা হয়েছে যেখানে ৬৫০ জন বিশেষ শিশুর থাকা এবং চিকিৎসার ব্যবস্থা করা হবে।
খ) অটিজম এবং প্রতিবন্ধকতা আক্রান্ত শিশু কিশোরদের শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের জন্য সর্ব্বোত্তম উন্নয়ন নিশ্চিত করা।	প্রয়োজনীয় উপকরণ এবং আসবাপত্র তৈরী করা হয়েছে। এর ফলে আরো উন্নত সেবা দেয়ার জন্য সহায়ক হবে।
গ) সমাজে অটিজম এবং প্রতিবন্ধী সম্পর্কে সচেতনতা তৈরী করা যাতে সমাজে তাদের গ্রহণযোগ্যতা তৈরী হয় এবং এসকল বিশেষ ধরনের মানুষদের জন্য অনুকুল পরিবেশ নিশ্চিত হয়।	৬ষ্ঠ তলা থেকে ১৩ তলা পযর্ন্ত আবাসিক ভবনের সম্প্রসারণ করা হয়েছে । ফলে প্রয়াসের শিক্ষক এবং কর্মচারীরা আরো উন্নত আবাসন সুবিধা পাবে।
ঘ) কাযর্কর প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানের পর প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন	প্রয়াসে অধ্যয়নরত শিশুরা মাল্টিপারপাস হল ব্যবহার করার সুযোগ পাবে।
ঙ) অভিজ্ঞ জনশক্তি তৈরীর লক্ষ্যে শিক্ষক, থেরাপিস্ট এবং অভিভাবকদের প্রশিক্ষনের ব্যবস্থা করা যাতে তারা অটিজম আক্রান্ত শিশুদের শিক্ষা, প্রশিক্ষনে গুরুত্বপূর্ন ভুমিক রাখতে পারে।	ভবনে লিফট স্থাপন করা হয়েছে এবং তা সচল করা হয়েছে।
চ) বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের বিষয়ে গবেষণা কাযর্ক্রমে সহায়তা।	ভবনের ভিতরে অগ্নি- নির্বাপক যন্ত্র স্থাপন করা হয়েছে এবং তা সচল করা হয়েছে।
ছ) সমাজের বিশেষ ধরনের শিশুদেরকে একটি বাধামুক্ত এবং সমঅধিকার মূলক সমাজের জন্য সমান সুযোগ, অধিকার রক্ষা, অটিজম আক্রান্ত ব্যক্তির পুর্ণ অংশগ্রহনে উৎসাহ প্রদান করা।	অভিভাবকদের ওয়েটিং রুম তৈরী করা হয়েছে। অভিভাবকগন এখানে বসে মনোরম প্রাকৃতিক পরিবেশ উপভোগ করতে পারবেন।
জ) অটিজম এবং প্রতিবন্ধীদের সুস্থ্যতার জন্য অন্যান্য কাযর্ক্রমগুলো সহজতর করা।	তিনতলা বিশিস্ট গ্যারেজ ভবন নির্মান কাজ সম্পন্ন হয়েছে যেখানে ভোকেশনাল স্কুল এবং ALLP কে সংস্থান করা যাবে।

ঝ) বিনামূল্যে৩০% অসহায়দরিদ্রপরিবারেরবিশেষচাহিদাসম্পন্নশিশুদেরশিক্ষাওসেবানিশ্চিতকরা;	ইনক্লুসিভ স্কুল নির্মিত হয়েছে যেগুলো ইনক্লুসিভ শিক্ষা সুবিধা প্রদান করবে।
	সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে এবং এগুলো শিশুদের নিরাপত্তা আরো বৃদ্ধি করবে।
	সংবেদনশীল বাগান (Sensory Garden) তৈরী করা হয়েছে যা শিশুদের আউটডোর থেরাপিকে আরো বেগবান করবে।

২৩। প্রকল্পের অর্জন :

(ক) প্রকল্পের মাধ্যমে অটিস্টিক ও প্রতিবন্ধী শিশুদের শিক্ষার জন্য অনুকুল পরিবেশ সৃস্টি করাঃ আলোচ্য প্রকল্প সংশোধিত ডিপিপি অনুসারে এবং নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে। ঢাকা সেনানিবাসে প্রয়াস এর উন্নয়ন ও সম্প্রসারণ (২য়পর্যায়) বাস্তবায়নের ফলে ৬৫০ জন অটিস্টিক এবং বিভিন্ন প্রকার প্রতিবন্ধী শিশুকে সেবা প্রদান করা সম্ভব হচ্ছে । **একাডেমিক ভবনের** ৪র্থ ও ৫মতলা সম্প্রসারণ করা হয়েছে। **আবাসিক ভবন নির্মাণ/সম্প্রসারণের ফলে** প্রয়াসে কর্মরত শিক্ষক/বিদেশী স্টাফ কর্মচারী ও ছাত্রদের আবাসন সমস্যার সমাধান হয়েছে ।প্রকল্পের আওতায় বিভিন্ন আসবাবপত্র, ইক্যুইপমেন্ট, পাল্টিপারপাস হল, কর্মকর্তা-কর্মচারীদের জন্য আবাসনসহ অন্যান্য আনুষংগিক সুবিধাদি নিশ্চিত করায় প্রতিষ্ঠানটির সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

(খ) **আউটডোর সেরসরী গার্ডেন :**বিশেষশিশুদেরবহিরাঙ্গণসুযোগ-সুবিধাপ্রণয়নেরলক্ষ্যে Artificial Watr Body, Tree/Forest Zone সহবিভিন্ন Sebsir Stimulating System (Sound Sensory Zone, Smell Sensory Zone, Touch Sensory Zone, Taste Sensory Zone, Sight Zone অন্তর্ভুক্ত করে “Out door Sensory Garden নির্মাণ করা হয়েছে । অটিস্টিক শিশুদের চাহিদা অনুসারে মানসম্মত আসবাবপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী সরবরাহ করা হয়েছে । প্রকল্প বাস্তবায়নের ফলে ৬৫০ জন অটিষ্টিক শিশুর বিশেষ চাহিদা পুরনের জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধা,সামাজিক নিরাপত্তা, স্বাস্থ্য, শিক্ষা ও আবাসনের ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। প্রকল্পটির মাধ্যমে এসব শিশুরা উন্নত পরিবেশে লেখাপড়ার সুযোগ পেয়েছে। প্রকল্পটি অটিষ্টিক শিশুদের দেশের স্বাভাবিক ও অপরিহার্য নাগরিক হিসেবে গড়ে তুলতে সহায়ক ভুমিকা পালন করবে।

২৪। **প্রকল্পের প্রভাব**

২৪.১ **সরাসরি প্রভাবঃ** এই প্রকল্পটি বাস্তবায়নের ফলে ঢাকা শহরের অটিস্টিক প্রতিবন্ধী শিশুদের ক্ষেত্রে সরাসরি প্রভাব পড়েছে। এলাকার ৬৫০ জন অটিস্টিক এবং বিভিন্ন প্রকার প্রতিবন্ধকতার সম্মুখিন শিশুরা Self appropriate educationদ্বারা উপকৃত হচ্ছে।

২৪.২ **পরোক্ষ প্রভাবঃ** পরোক্ষভাবে এ প্রকল্পটির মাধ্যমে এ সকল বিশেষ ধরনের শিশুরা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখতে সহায়তা করবে আশা করা যায়।

২৪.৩। **প্রকল্প বাস্তবায়নের সুফল এর Sustainability:** ঢাকা সেনানিবাসে অবস্থিত প্রয়াস-এ অটিস্টিক ও প্রতিবন্ধীদের জন্য বিশেষ বিদ্যালয়ে অটিস্টিক ও বিভিন্ন ধরনের প্রতিবন্ধী শিশুর ভর্তির পরিমাণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ শিশুদের মানসিকভাবে উন্নতির জন্য প্রয়োজনী শিক্ষা, প্রশিক্ষণ এবং সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ এবং প্রশিক্ষনের ব্যবস্থা করে সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং করা এবং প্রকল্পের আয়ে থেকে ব্যয় নির্বাহ করা হলে প্রকল্পটি টেকসই হবে আশা করা যায়।

২৫। সুপারিশঃ

২৫.১ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ঢাকা সেনানিবাসে অবস্থিত প্রয়াস এর উন্নয়ন ও সম্প্রসারণ (২য়পর্যায়) সংশোধিত শীর্ষক প্রকল্পের মাধ্যমে অটিষ্টিক ও অন্যান্য প্রতিবন্ধী শিশুদের উন্নত

সেবা প্রদানের লক্ষ্যে "প্রয়াস" ঢাকা সেনানিবাস প্রতিষ্ঠানটি যে কার্যক্রম পরিচালনা করছে তা নিঃসন্দেহে প্রশংসনীয়। প্রতিষ্ঠানটি যাতে তার মান বজায় রাখতে পারে সেজন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।

২৫.২। বেসরকারি প্রচেষ্টায় আর্থ-সামাজিক খাতে গৃহীত প্রকল্পে সীমিত আকারে সরকারী সাহায্য প্রদানের নীতিমালা এবং ডিপিপিতে উল্লেখিত প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী কমপক্ষে ৩০% দরিদ্র পরিবারের শিশুদের বিনমুল্যে সেবা প্রদান করতে হবে এবং সাধারণ ছাত্রদের মত বিশেষায়িত শিক্ষার্থীদের জন্য বহিরাঙ্গণ সুযোগ-সুবিধা নিশ্চিত করতে হবে এ বিষয়ে প্রয়াসের সিটিজেন চার্টারে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।

২৫.৩। পিসিআর এ Internal এবং External অডিট সম্পর্কিত কোন তথ্য প্রদান করা হয়নি। দ্রুত অডিট সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

২৫.৪। প্রয়াসের প্রবেশস্থলের গেইটে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও প্রয়াসের যৌথ উদ্যোগে বাস্তবায়িত প্রকল্প এ ধরনের লেখা সম্বলিত সাইনবোর্ড স্থাপন করতে হবে।

২৫.৫। বর্নিত সুপরিশসমূহের আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে আগামী ১ মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল স্থাপন, ব্রাহ্মণবাড়িয়া (সংশোধিত) শীর্ষক **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**
(সমাপ্ত: জুন ২০১৯)

১। **প্রকল্পের নাম:** ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল স্থাপন, ব্রাহ্মণবাড়িয়া (সংশোধিত)।

২। **(ক) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ :** সমাজকল্যাণ মন্ত্রণালয়।
(খ) বাস্তবায়নকারী সংস্থা : সমাজসেবা অধিদপ্তর ও ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ব্রাহ্মণবাড়িয়া (NHFB)।

৩। **প্রকল্পের অর্থায়ন:** বাংলাদেশ সরকারের অনুদান এবং সংস্থার নিজস্ব অর্থায়ন।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২৪৪০.৫৯	২৪৪০.৫৯	২০২৭.৭৭	জুলাই ২০১৬ হতে জুন ২০১৯	জুলাই ২০১৬ হতে জুন ২০১৯	জুলাই ২০১৬ হতে জুন ২০১৯	-	-

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা				প্রকৃত অগ্রগতি			
			বাস্তব	আর্থিক			বাস্তব	আর্থিক		
				জিওবি	সংস্থা (NHFB)	মোট		জিওবি	সংস্থা (NHFB)	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
(ক) রাজস্ব ব্যয়:										
১.	কর্মকর্তা/কর্মচারীদের বেতন	সংখ্যা	৪	০.০০	৪৪.১০	৪৪.১০	০৪	০.০০	৩৪.৮৫	৩৪.৮৫
২.	সরবরাহ ও সেবা	থোক	থোক	০.০০	১০.০০	১০.০০		০.০০	৭.৭০	৭.৭০
উপ-মোট রাজস্ব ব্যয়:				০.০০	৫৪.১০	৫৪.১০		-	৪২.৫৫	৪২.৫৫
(খ) মুলধন খাতঃ										
৩.	মেডিকেল মেশিন ও যন্ত্রপাতি	সংখ্যা	১১৫	৪২৬.৮৬	২২.৪৭	৪৪৯.৩৩	১১৫	৩১৩.৪১	০.০০	৩১৩.৪১
৪.	অফিস যন্ত্রপাতি	সংখ্যা	৬২	০.০০	২৫.৬০	২৫.৬০	৬২		১৮.৬৯	১৮.৬৯
৫.	মেডিকেল আসবাবপত্র	সংখ্যা	২৫২	৭৪.৭৩	০.০০	৭৪.২৩	২৫২	৪৮.৮০	০.০০	৪৮.৮০
৬.	অফিস আসবাবপত্র	সংখ্যা	২৩৪	০.০০	২৩.৬০	২৩.৬০	২৩৪	০.০০	২৫.৬৬	২৫.০০
৭.	ভূমি	শতাংশ	৩০	০.০০	৪৫০.০০	৪৫০.০০	৩০	০.০০	৪৫০.০০	৪৫০.০০
৮.	নির্মাণ (৮ তলা ভীত বিশিষ্ট ৪ তলা ভবন নির্মাণ)	বর্গফুট	২৩৬৩৩	১২৫০.০৯	৬৫.৭৯	১৩১৫.৮৮	২৩৬৩৩	১১২৮.৬৭	০.০০	১১২৮.৬৭
উপ-মোট মুলধন ব্যয়:				১৭৫১.১৮	৫৮৭.৪৬	২৩৩৮.৬৪		১৪৯০.৮৮	৪৯৪.৩৪	১৯৮৫.২২
(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সী ১%		-	-	১৭.৫১	৬.৪২	২৩.৯৩	-	০.০০	০.০০	০.০০
(ঘ) প্রাইস কন্টিনজেন্সী ১%		-	-	১৭.৫১	৬.৪২	২৩.৯৩	-	০.০০	০.০০	০.০০
সর্বমোট (ক+খ+গ+ঘ):			১০০%	১৭৮৬.২০	৬৫৪.৩৯	২৪৪০.৫৯	১০০%	১৪৯০.৮৮	৫৩৬.৮৯	২০২৭.৭৭ **(৮৩.০৮%)**

তথ্যসূত্র: পিসিআর

- প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ২৪৪০.৫৯ লক্ষ টাকা। এর মধ্যে ব্যয় হয়েছে জিওবি ১৪০৯.৮৮ লক্ষ টাকা ও সংস্থার ব্যয় ৫৩৬.৮৯ লক্ষ টাকাসহ মোট ২০২৭.৭৭ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৮৩.০৮%। প্রকল্পটির অনুকূলে অব্যয়িত অর্থ রয়েছে ৪১২.৮২ লক্ষ টাকা।

৬। **প্রকল্প এলাকা:**

বিভাগ	জেলা	উপজেলা
চট্টগ্রাম	ব্রাহ্মণবাড়িয়া	ব্রাহ্মণবাড়িয়া সদর

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** পিসিআর এর তথ্যমতে, অনুমোদিত অংগসমূহের বিপরীতে প্রকল্পের আওতায় এ্যাপ্রোচ সড়ক বাবদ ১৭.১৫ লক্ষ টাকা, গ্যাস কানেকশন বাবদ ১.৭৯ লক্ষ টাকা, আরবরিকালচার বাবদ ১.০০ লক্ষ টাকার সংস্থান থাকলেও বাস্তব কাজ না করায় এ অর্থ ব্যয় করা হয়নি। এছাড়া ভবনের ছাদে আরসিসি ওয়াটার ট্যাংক নির্মাণের সংস্থান থাকলেও ৫টি গাজী ট্যাংক স্থাপন করা হয়েছে এবং মেইন গেইট নির্মাণ করা হলেও জায়গা স্বল্পতার কারণে সেন্ট্রি পোস্ট নির্মাণ করা হয়নি।

৮। **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি: ১৯৭৪ সালে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির (বাডাস) অধীনে সরকারি অর্থায়নে বারডেম হাসপাতাল প্রতিষ্ঠার মাধ্যমে সরকারের পাশাপাশি বেসরকারি সংস্থা স্বাস্থ্য সেবা খাতে অবদান রেখে যাচ্ছে। পরবর্তীতে বাংলাদেশ হার্ট ফাউন্ডেশন সরকারি অর্থায়নে মিরপুরে হৃদরোগ হাসপাতাল প্রতিষ্ঠা করে জনগণকে হৃদরোগের উন্নত চিকিৎসা সেবা প্রদান করছে। এছাড়া দেশের আরও কয়েকটি জেলায় ইতোমধ্যে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের উদ্যোগে হৃদরোগ হাসপাতাল স্থাপন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ব্রাহ্মণবাড়িয়া জেলায় সরকারের আর্থিক সহায়তায় সমাজ সেবা অধিদপ্তরের মাধ্যমে ২৪৪০.৫৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৬ হতে জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৮.২ **প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

- হৃদরোগ রোগীর চিকিৎসা, নিয়ন্ত্রণ, প্রতিরোধ ও পুনর্বাসনের জন্য ৫০ বেডের আধুনিক কার্ডিয়াক হাসপাতাল গঠন;
- হৃদরোগীদের জন্য প্রয়োজনীয় আধুনিক টেস্টের সুযোগ তৈরি করা;
- ৩০% দরিদ্র রোগীদের বিনামূল্যে বহিঃ বিভাগ ও অভ্যন্তরীণ বিভাগের সেবা প্রদান এবং বিনামূল্যে বিভিন্ন টেস্টের ও অন্যান্য সুবিধা প্রদান করা এবং নীতিমালা অনুযায়ী খরচ কমানো ও বাড়ানোর ব্যবস্থা করা;
- গণমাধ্যম ব্যবহার করে সেমিনার এবং ওয়ার্কশপের মাধ্যমে হৃদরোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা;
- ডাক্তার, নার্স এবং প্যারামেডিক্স কর্মীদের প্রশিক্ষণ প্রদান; এবং
- কার্ডিওভাস্কুলার রোগের উপর উন্নত গবেষণা কাজ চালানো।

৮.৩ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:** (ক) ৮ তলা ভীত বিশিষ্ট ৪ তলা ভবন নির্মাণ; (খ) মেডিকেল ও অফিস যন্ত্রপাতি; (গ) মেডিকেল ও অফিস আসবাবপত্র; এবং (ঘ) ভূমি অধিগ্রহণ।

৯। **প্রকল্পের অনুমোদন অবস্থা:** প্রকল্পের ডিজাইন, মেয়াদকাল ও মোট ব্যয় অপরিবর্তিত রাখার শর্তে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২৬ অক্টোবর, ২০১৬ তারিখে অনুমোদিত হয়েছে। প্রকল্পটির অনুমোদিত মোট ব্যয় ২৪৪০.৫৯ লক্ষ টাকা (জিওবি ১৭৮৬.২০ লক্ষ টাকা ও সংস্থার নিজস্ব অর্থ ৬৫৪.৩৯ লক্ষ টাকা) এবং মেয়াদকাল জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত। বাস্তবতার নিরিখে 'ডিপিইসি' সভার সুপারিশক্রমে প্রকল্পটির মোট ব্যয় ও বাস্তবায়নকাল অপরিবর্তিত রেখে নির্ধারিত সময়ে বাস্তবায়নের শর্তে আন্ত:খাত সমন্বয় করা হয় যা যথাযথ কর্তৃক অনুমোদিত হয়।

১০। **ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন:** প্রকল্পটির আওতায় "পণ্য ও সেবা" ক্রয়ের ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী এবং Action Plan অনুযায়ী ভৌত নির্মাণ কাজ বাস্তবায়নের দায়িত্ব গণপূর্ত অধিদপ্তর-এর উপর ন্যস্ত রয়েছে। সে অনুযায়ী ৮ তলা ফাউন্ডেশনে ৪ তলা পর্যন্ত একটি হাসপাতাল ভবনের নির্মাণ কাজ বাস্তবায়ন করেছে গণপূর্ত অধিদপ্তর।

১১। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

(ক) প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;

(খ) পিসিআর পর্যালোচনা;

(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং

(চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২। **প্রকল্প পরিদর্শন:** প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম গত ১২/০৯/২০২১ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকৌশলীগণ উপস্থিত থেকে সহযোগিতা করেছেন। পরিদর্শন পর্যবেক্ষণ ও অন্যান্য বর্ণনা নিম্নরূপ:

১২.১ **ভবন সংক্রান্ত সাধারণ তথ্যাবলী:**

(ক) **শর্তসাপেক্ষে প্রকল্প অনুমোদন সংক্রান্ত:** প্রকল্পটির ডিজাইন, মেয়াদকাল ও মোট ব্যয় অপরিবর্তিত রাখার শর্তে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২৬ অক্টোবর, ২০১৬ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির প্রশাসনিক অনুমোদনের অন্যতম শর্ত ছিল- প্রকল্পটির ডিজাইন, মেয়াদকাল ও মোট ব্যয় অপরিবর্তিত রাখা।

(খ) **অনুমোদিত কাজের পরিমাণ ও আর্থিক সংস্থান:** ৮ তলা ফাউন্ডেশনে ৪ তলা পর্যন্ত হাসপাতাল ভবন নির্মাণ করা, যার মোট আয়তন ২১৬০.৫৫ বর্গমিটার। অনুমোদিত ডিপিপিতে গণপূর্ত অধিদপ্তরের ২০১৪ সালের রেট সিডিউল মোতাবেক প্রাক্কলন করা হয়। হাসপাতাল ভবন নির্মাণের লক্ষ্যে অনুমোদিত ডিপিপিতে আর্থিক সংস্থান ১৩১৫.৮৮ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি অর্থ ১২৫০.০৯ লক্ষ টাকা এবং প্রত্যাশী সংস্থার অর্থ রয়েছে ৬৫.৭৯ লক্ষ টাকা।

১২.২ **ক্রয় সংক্রান্ত:**

(ক) **দরপত্র ক্রয় সংগ্রহ প্রক্রিয়া:** দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ হতে দেখা যায় যে, 'দৈনিক জনতা' পত্রিকায় ২৪/১২/২০১৬ ইং তারিখে এবং 'দি নিউজ টু-ডে' পত্রিকায় ২৪/১২/২০১৬ ইং তারিখে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সিপিটিইউ-এর ওয়েবসাইটে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়নি। সর্বমোট ২১টি দরপত্র সিডিউল বিক্রি হয় এবং দরপত্র জমা পড়ে ০৪টি। তন্মধ্যে ০৩টি দরপত্র রেসপনসিভ বিবেচিত হয়েছে। রেসপনসিভ ০৩টি দরপত্রের মধ্যে সর্বনিম্ন টেন্ডারার SPL-MHR (JV) শীর্ষক প্রতিষ্ঠানকে ৭,৯৮,৮৫,৪৮২.২৬ (সাত কোটি আটানব্বই লক্ষ পঁচাশি হাজার চারশত বিরাশি টাকা ছাব্বিশ পয়সা মাত্র) টাকা মূল্যে ০.১৩% নিম্নদরে, পরীক্ষা নিরীক্ষান্তে সঠিক এবং প্রাক্কলিত দরের চেয়ে নিম্নদর হওয়ায় দরপত্রটি গ্রহণের সুপারিশ করা হয়। কার্যাদেশ প্রদানের তারিখ ১২/০৪/২০১৭ এবং কাজ সমাপ্তির তারিখ ৩০/০৬/২০১৯।

(খ) **একক প্যাকেজ** Split-up **(বিভক্ত) করে বেশ কিছু উপাংগ দরপত্রভুক্ত না করা:** সাব-স্টেশন বিল্ডিং, গেট এন্ড সেন্ট্রি পোস্ট, সারফেস ড্রেন, সেপটিক ট্যাংক নির্মাণ, ৫০০ কেভিএ জেনারেটর, ২টি লিফট বাদ রেখে কার্যাদেশ প্রদান করা হয়।

(গ) **শর্ত সাপেক্ষে অনুমোদিত প্রকল্পের পরিকল্পিত লক্ষ্যমাত্রার ব্যত্যয় ঘটিয়ে হাসপাতাল ভবন নির্মাণ করা:** প্রকল্পের ডিজাইন, মেয়াদকাল ও মোট ব্যয় অপরিবর্তিত রাখার শর্তে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন দেয়া হয়। পরবর্তীতে, প্রকল্প অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুশাসন প্রতিপালনের শর্তে প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটির চূড়ান্ত অনুমোদন দেয়া হয়। বাস্তবায়ন পর্যায়ে অনুশাসনের ব্যত্যয় ঘটিয়ে হাসপাতাল ভবন নির্মাণ করা হয়েছে।

(ঘ) **সাব-স্টেশন ভবন নির্মাণ:** অনুমোদিত ডিপিপিতে সাব-স্টেশন ভবন বাবদ ১৫.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এ সংস্থানের বিপরীতে ব্যয় করা হয়েছে ১৫.০০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঙ) **৫০০ কেভিএ সাব-স্টেশন যন্ত্রপাতি:** প্রকল্পের আন্ত:খাত সমন্বয় অনুযায়ী সাব-স্টেশন যন্ত্রপাতি বাবদ ৫৭.৫০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এ সংস্থানের বিপরীতে ক্রয়চুক্তি করা হয় ৬৮.৫৪ লক্ষ টাকা । আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।

(চ) **২০০ কেভিএ জেনারেটর:** প্রকল্পের আন্ত:খাত সমন্বয় অনুযায়ী ২০০ কেভিএ জেনারেটর বাবদ ৪৫.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এ সংস্থানের বিপরীতে ক্রয়চুক্তি করা হয় ৪০.৫০ লক্ষ টাকা। ব্যয় করা হয়েছে ৪০.০০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ছ) **লিফট ক্রয়:** প্রকল্পের আন্ত:খাত সমন্বয় অনুযায়ী ২টি লিফট বাবদ ১৪১.০১ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এ সংস্থানের বিপরীতে

ক্রয়চুক্তি করা হয় ১৩৬.০১ লক্ষ টাকা। ব্যয় করা হয়েছে ১৩৬.০০ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(জ) **এসি ক্রয়:** অনুমোদিত ডিপিপিতে ৫৭ টন এসি বাবদ (Split type AC-২৫ টন বাবদ ২০.০০ লক্ষ টাকা এবং Window type AC-৩২ টন বাবদ ৩৩.০০ লক্ষ টাকা) মোট ৫৩.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পরবর্তীতে প্রকল্পের আন্ত:খাত সমন্বয় অনুযায়ী ১০ টন বৃদ্ধি করে ৬৭ টন এসি বাবদ (Split type AC-২৮ টন বাবদ ২২.০০ লক্ষ টাকা ও Window type AC-৩৯ টন বাবদ ২০.৯৫ লক্ষ টাকা) এবং স্থাপন বাবদ ২.০০ লক্ষ টাকাসহ মোট সংস্থান রাখা হয় ৪৪.৯৫ লক্ষ টাকা। এ সংস্থানের বিপরীতে ৬৭ টন এসি ক্রয় ও স্থাপন বাবদ ব্যয় করা হয়েছে ৪৪.৯৫ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

(ঝ) **অন্যান্য উপাংগ বাস্তবায়ন:** প্রকল্পের আন্ত:খাত সমন্বয় অনুযায়ী ডিপিপিতে এ্যাপ্রোচ সড়ক বাবদ ১৭.১৫ লক্ষ টাকা, গ্যাস কানেকশন বাবদ ১.৭৯ লক্ষ টাকা, আরবরিকালচার বাবদ ১.০০ লক্ষ টাকার সংস্থান থাকলেও বাস্তব কাজ না করায় এ অর্থ ব্যয় করা হয়নি। এছাড়া ভবনের ছাদে আরসিসি ওয়াটার ট্যাংক নির্মাণের সংস্থান থাকলেও ৫টি গাজী ট্যাংক ক্রয় স্থাপন করা হয়েছে।

(ঞ) **সেন্ট্রি পোস্ট নির্মাণ না করা এবং সাইনবোর্ড যথাযথভাবে না লেখা:** সেন্ট্রি পোস্টসহ গেইট নির্মাণের সংস্থান রয়েছে। গেইট নির্মাণ করা হলেও জায়গা স্বল্পতার কারণে সেন্ট্রি পোস্ট নির্মাণ করা হয়নি। এছাড়া ভবনের সম্মুখভাগে (ভবনের ওয়ালে) ও গেইটে সাইনবোর্ড স্থাপন করা হয়েছে। উক্ত সাইনবোর্ডসমূহে সরকারের অংশীদারিত্বের/অনুদানের বিষয়টি উল্লেখ করা হয়নি।

(ট) **ভবন নির্মাণ কাজে আর্থিক সংস্থানের বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি:** প্রকল্পের আওতায় ভবন নির্মাণ কাজ (আনুষঙ্গিক কাজসহ) বাবদ মোট ১৩১৫.৮৮ লক্ষ টাকার সংস্থান রাখা হয় যার মধ্যে জিওবি অর্থ ১২৫০.০৯ লক্ষ টাকা ও প্রত্যাশী সংস্থার অর্থ-৬৫.৭৯ লক্ষ টাকা। পিসিআর-এ প্রদত্ত অগ্রগতির তথ্য বিশ্লেষণে দেখা যায়- নির্মাণ অংগে মোট ১১২৮.৬৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যার সমুদয় অর্থই জিওবি। ব্যয়িত অর্থ ব্যতিরেকে অব্যয়িত অর্থের পরিমাণ রয়েছে ১৮৭.২১ লক্ষ টাকা (জিওবি অর্থ ১২১.৪২ লক্ষ টাকা ও প্রত্যাশী সংস্থার অর্থ-৬৫.৭৯ লক্ষ টাকা)।

পরিদর্শনের স্থির চিত্র



চিত্র-১: নির্মিত হাসপাতাল ভবন



চিত্র-২: ভবনের সম্মুখভাগে ৩টি সাইনবোর্ড দেখা গেলেও কোন সাইনবোর্ডে সরকারের অংশীদারিত্ব সম্পর্কিত তথ্য দেয়া হয়নি



চিত্র-৩: নির্মিত ভবনের ছাদে স্থাপনকৃত ১ কিলোওয়াটের সোলার প্যানেল

১২.৩ **মেডিকেল মেশিন ও যন্ত্রপাতি:** প্রকল্পের আওতায় মেডিকেল যন্ত্রপাতি (১১৫টি) বাবদ মোট ৪৪৯.৩৩ লক্ষ টাকার সংস্থান রাখা হয় যার মধ্যে জিওবি অর্থ ৪২৬.৮৬ লক্ষ টাকা ও প্রত্যাশী সংস্থার অর্থ ২২.৪৭ লক্ষ টাকা। পিসিআর-এ প্রদত্ত অগ্রগতির তথ্য বিশ্লেষণে দেখা যায়- মেডিকেল যন্ত্রপাতি (১১৫টি) বাবদ মোট ৩১৩.৪১ লক্ষ টাকা ব্যয়ে করা হয়েছে যার সমুদয় অর্থই জিওবি। ব্যয়িত অর্থ ব্যতিরেকে অব্যয়িত অর্থের পরিমাণ রয়েছে ১৩৫.৯২ লক্ষ টাকা (জিওবি অর্থ ১১৩.৪৫ লক্ষ টাকা ও প্রত্যাশী সংস্থার অর্থ ২২.৪৭ লক্ষ টাকা)। পরিদর্শনের সময় দেখা যায়-বেশ কয়েকটি দামী যন্ত্রপাতি ক্রয় করা হলেও কারিগরি জ্ঞান সম্পন্ন জনবল না থাকায় তা অব্যবহৃত অবস্থায় রয়েছে। যেমন- C-Arm Machine, Hematology Analyzer, 500 mA X-Ray Radiography Machine, Defibriliator with Internal pad ইত্যাদি। পরিদর্শনকালে প্রত্যাশী সংস্থার পরিচালক জানান যে, C-Arm Machine, Cardiac Monitor, Central Monitor, Defibriliator with Internal pad, Ventilator Machine for ICU etc. ক্রয়কৃত যন্ত্রপাতি ইনডোর সেবা চালু হয়নি। এ সকল যন্ত্রপাতি আনুমানিক ২/৩ বছর পর ব্যবহারের প্রয়োজন হলেও তা ক্রয় করার পর বর্তমানে অব্যবহৃত অবস্থায় ফেলে রাখা হয়েছে।

১২.৪ **মেডিক্যাল আসবাবপত্র:** প্রকল্পের আওতায় মেডিকেল আসবাবপত্র (২৫২টি) বাবদ মোট ৭৪.২৩ লক্ষ (জিওবি) টাকার সংস্থান রাখা হয়। পিসিআর-এ প্রদত্ত অগ্রগতির তথ্য বিশ্লেষণে দেখা যায়- মেডিকেল আসবাবপত্র (২৫২টি) বাবদ চুক্তিমূল্য ৪৮.৮০ লক্ষ টাকা। চুক্তিকৃত সমুদয় অর্থই ব্যয় করা হয়েছে। এ অংগে অব্যয়িত অর্থের পরিমাণ ২৫.৪৩ লক্ষ টাকা। পরিদর্শনকালে দেখা যায়, ক্রয়কৃত মেডিকেল আসবাবপত্রের আংশিক ব্যবহৃত হলেও অধিকাংশ ভবনের বিভিন্ন ফ্লোরে এলোমেলোভাবে করে রাখা হয়েছে। 1st floor to 3rd floor পর্যন্ত ভবনের পশ্চিমাংশ হতে বৃষ্টির পানি প্রবেশ করায় কতিপয় স্থানে সংরক্ষিত মেডিকেল আসবাবপত্রের নীচের অংশ ভেজা দেখা গেছে।

১২.৫ **অফিস যন্ত্রপাতি (৬২টি) ও আসবাবপত্র (২৩৪টি) ক্রয় সংক্রান্ত:** এ দু'টি অংগ একত্রে একটি প্যাকেজে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়। ডিপিপি'র সংস্থানকৃত ৪৯.২০ লক্ষ টাকার বিপরীতে ৪৪.৩৪ লক্ষ টাকার ক্রয়চুক্তি করা হয়। কার্যাদেশ প্রদানের তারিখ ২৫/০৪/২০১৯ এবং কাজ সমাপ্তির তারিখ ২৪/০৫/২০১৯। ব্যয় করা হয়েছে ৪৪.৩৫ লক্ষ টাকা। বাস্তব অগ্রগতি ১০০%। পরিদর্শনকালে দেখা যায়- ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্রের আংশিক ব্যবহৃত হলেও অধিকাংশ যন্ত্রপাতি ও আসবাবপত্র ভবনের বিভিন্ন ফ্লোরে ডাম্পিং করে রাখা হয়েছে। 1st floor to 3rd floor পর্যন্ত স্থাপনকৃত কয়েকটি এসি'র পানি নির্গমণে সমস্যা হওয়ায় উক্ত পানি ফ্লোরে জমে থাকতে দেখা গেছে এবং স্থাপনকৃত কয়েকটি এসি'র উপর প্রান্ত ও ওয়ালের মধ্যে ১/২ ইঞ্চি ফাঁকা রয়েছে। 1st floor to 3rd floor পর্যন্ত ভবনের পশ্চিমাংশ হতে বৃষ্টির পানি প্রবেশ করায় কতিপয় স্থানের সংরক্ষিত যন্ত্রপাতি ও আসবাবপত্রের ভেজা দেখা গেছে।

১২.৬ **ভূমি অধিগ্রহণ:** প্রকল্পের আওতায় ৩০ শতাংশ জমি অধিগ্রহণ বাবদ মোট ৪৫০.০০ লক্ষ (প্রত্যাশী সংস্থা) টাকার সংস্থান রাখা হয়। জমি অধিগ্রহণ বাবদ ব্যয় করা হয়েছে ৪৫০.০০ লক্ষ টাকা।

১২.৭ **প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রদেয় অর্থের বিপরীতে বাস্তবায়ন অবস্থা:** রাজস্ব খাতে ৫৪.১০ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ব্যয় করা হয়েছে ৪২.৫৫ লক্ষ টাকা এবং মূলধন খাতে ৫৮৭.৪৬ লক্ষ টাকার বিপরীতে ৪৯৪.৩৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। মূলধন খাতে সংস্থানকৃত অর্থের বিপরীতে অফিস যন্ত্রপাতি বাবদ-১৮.৬৯+অফিস আসবাবপত্র বাবদ-২৫.৬৬+জমি অধিগ্রহণ বাবদ-৪৫০.০০ লক্ষ টাকাসহ মোট ৪৯৪.৩৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। অন্যদিকে, প্রত্যাশী সংস্থা কর্তৃক নির্মাণ অংগ বাবদ-৬৫.৭৯+মেডিকেল যন্ত্রপাতি বাবদ-২২.৪৭ লক্ষ টাকার সংস্থান থাকলেও তা ব্যয় হয়নি।

পরিদর্শনের স্থির চিত্র





অব্যবহৃত অবস্থায় থাকা মেডিকেল যন্ত্রপাতি





ক্রয়কৃত মেডিকেল যন্ত্রপাতি ও আসবাবপত্র সংরক্ষণ করে রাখা হয়েছে, যা ভবনের বারান্দা হতে বৃষ্টির পানি এ সকল কক্ষে প্রবেশ করায় নষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে।




অব্যবহৃত অবস্থায় থাকা মেডিকেল যন্ত্রপাতি

১৩। **অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত:** প্রকল্পটি ৩টি অর্থ-বছরে বাস্তবায়িত হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়- ২০২০-২০২১ অর্থবছরে সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর কর্তৃক প্রকল্পের অডিট প্রক্রিয়া সম্পন্ন করা হয়। বিভিন্ন অংগের ০৫টি অডিট আপত্তি, অনিয়মের কারণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

কুয়ারী নং ও তারিখ	শিরোনাম	বিবরণ	অনিয়মের কারণ	নিষ্পত্তি সংক্রান্ত
কুয়ারী নং-০১ ৩০.১২.২০২০	পিপিআর বিধি লংঘন করে ননটেন্ডার আইটেম এর দরপত্র আহ্বান না করে নির্মাণ কাজ সম্পাদন করায় সরকারের আর্থিক ক্ষতি ২৯,২৪,২৬১ /- টাকা।	সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন এস্টাবলিশমেন্ট অব ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল, বাক্ষণবাড়ীয়া এর ২০১৬-২০ অর্থ বছরের ইস্যু ভিত্তিক Compliance Audit নিরীক্ষায় দেখা যায় যে, পিপিআর বিধি লংঘন করে ননটেন্ডার আইটেম এর দরপত্র আহ্বান না করে নির্মাণ কাজ সম্পাদন করায় সরকারের আর্থিক ক্ষতি ২৯,২৪,২৬১ /- টাকা।	পিপিআর-২০০৮ বিধি ৯০,৯৬,৯৭ ও ৯৮ লংঘন	অদ্যাবধি নিষ্পত্তি হয়নি।
কুয়ারী নং-০২ ৩০.১২.২০২০	সিপিটিইউ এর ওয়েব সাইটে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ ব্যতিরেকে ৭,৯৮,৮৫,৪৮২/- টাকার চুক্তি সম্পাদন।	সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন এস্টাবলিশমেন্ট অব ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল, বাক্ষণবাড়ীয়া এর ২০১৬-২০ অর্থ বছরের ইস্যু ভিত্তিক Compliance Audit নিরীক্ষায় দেখা যায় যে, সিপিটিইউ এর ওয়েব সাইটে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ ব্যতিরেকে ৭,৯৮,৮৫,৪৮২/- টাকার চুক্তি সম্পাদন।	পিপিআর-২০০৮ বিধি ১৬(১১) এবং ৯০ (২)(ঝ) লংঘন	অদ্যাবধি নিষ্পত্তি হয়নি।
কুয়ারী নং-০১ ২৮.১২.২০২০	বাজার দরের অতিরিক্ত দরে হাসপাতাল যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় করায় সরকারের আর্থিক	সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন এস্টাবলিশমেন্ট অব ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল, বাক্ষণবাড়ীয়া এর ২০১৬-২০ অর্থ বছরের ইস্যু ভিত্তিক Compliance Audit নিরীক্ষায় দেখা যায় যে, বাজার দরের অতিরিক্ত	জি এফ আর বিধি ১৬৯ এর নির্দেশ লংঘন।	অদ্যাবধি নিষ্পত্তি হয়নি।

কুয়ারী নং ও তারিখ	শিরোনাম	বিবরণ	অনিয়মের কারণ	নিষ্পত্তি সংক্রান্ত
	ক্ষতি ৪৪,৪২,৫০০/- টাকা।	দরে হাসপাতাল যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি ৪৪,৪২,৫০০/- টাকা।		
কুয়ারী নং-০২ ২৯.১২.২০২০	স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বাজার দরের অতিরিক্ত দরে হাসপাতাল যন্ত্রপাতি ও সরঞ্জাম (এম এস আর) সামগ্রী ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি ৯,০২,০৪৮/- টাকা।	সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন এস্টাবলিশমেন্ট অব ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল, বাহ্মণবাড়ীয়া এর ২০১৬-২০ অর্থ বছরের ইস্যু ভিত্তিক Compliance Audit নিরীক্ষায় দেখা যায় যে, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বাজার দরের অতিরিক্ত দরে হাসপাতাল যন্ত্রপাতি ও সরঞ্জাম (এম এস আর) সামগ্রী ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি ৯,০২,০৪৮/- টাকা।	স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বাজার দরের অতিরিক্ত দরে হাসপাতাল যন্ত্রপাতি ও সরঞ্জাম (এম এস আর) সামগ্রী ক্রয়।	অদ্যাবধি নিষ্পত্তি হয়নি।
কুয়ারী নং-০৩ ২৯.১২.২০২০	পিপিআর বিধি ৯৮ লংঘন করে প্রকৃত সরবরাহকারী না হওয়া সত্ত্বেও তার নিকট হতে হাসপাতাল যন্ত্রপাতি ক্রয় করায় প্রতিষ্ঠানের অনিয়মিত ব্যয় ৩৭,৭০,৭০০/- টাকা।	সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন এস্টাবলিশমেন্ট অব ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল, বাহ্মণবাড়ীয়া এর ২০১৬-২০ অর্থ বছরের ইস্যু ভিত্তিক Compliance Audit নিরীক্ষায় দেখা যায় যে, পিপিআর বিধি ৯৮ লংঘন করে প্রকৃত সরবরাহকারী না হওয়া সত্ত্বেও তার নিকট হতে হাসপাতাল যন্ত্রপাতি ক্রয় করায় প্রতিষ্ঠানের অনিয়মিত ব্যয় ৩৭,৭০,৭০০/- টাকা।	পিপিআর বিধি ৯৮ লংঘন ।	অদ্যাবধি নিষ্পত্তি হয়নি।

১৪। **<u>বছরভিত্তিক আরডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ ও অর্থ ব্যয় সংক্রান্ত তথ্যাদি:</u>**

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান			সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি (জিওবি)	ব্যয়		
	মোট	টাকা	প্র:সা: (NHFB)	মোট	টাকা	প্র:সা: (NHFB)		মোট	টাকা	প্র:সা: (NHFB)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
২০১৬-২০১৭	৭৬৮.০৩	৩০০.০০	৪৬৮.০৩	৫৬৮.০৩	১০০.০০	৪৬৮.০৩	১০০.০০	৫৫৬.৪০	১০০.০০	৪৫৬.৪০
২০১৭-২০১৮	৫১৮.০৩	৫০০.০০	১৮.০৩	৫২০.৫১	৫০০.০০	২০.৫১	৫০০.০০	৫১৮.০০	৫০০.০০	১৮.০০
২০১৮-২০১৯	১১৫৪.৫৩	৯৮৬.২০	১৬৮.৩৩	১৩১৮.১৬	১১৫১.০০	১৬৭.১৬	৯০০.০০	৯৫৩.৩৭	৮৯০.৮৭	৬২.৪৯
মোট:	২৪৪০.৫৯	১৭৮৬.২০	৬৫৪.৩৯	২৪০৬.৭০	১৭৫১.০০	৬৫৫.৭০	১৫০০.০০	২০২৭.৭৭	১৪৯০.৮৭	৫৩৬.৮৯

তথ্যসূত্র: পিসিআর

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক-এর নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
জনাব মোস্তফা মাহমুদ সরওয়ার	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া উপ-পরিচালক (চ:দা:)	২৬/০৬/২০১৬ হতে ২৮/০৯/২০১৭	অতিরিক্ত	না	-
জনাব জেড.এম. মিজানুর রহমান	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া	২৮/০৯/২০১৭ হতে	অতিরিক্ত	না	-

	উপ-পরিচালক	২২/০১/২০১৮			
জনাব মোস্তফা মাহমুদ সরওয়ার	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া উপ-পরিচালক (চ:দা:)	২২/০১/২০১৮ হতে ০৮/০২/২০১৮	অতিরিক্ত	না	-
জনাব আইয়ুব খান	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া উপ-পরিচালক	০৮/০২/২০১৮ হতে ০১/০৪/২০১৮	অতিরিক্ত	না	-
জনাব মোস্তফা মাহমুদ সরওয়ার	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া উপ-পরিচালক (চ:দা:)	০১/০৪/২০১৮ হতে ২২/০৪/২০১৮	অতিরিক্ত	না	-
জনাব মাসুদুল হাসান তাপস	জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া উপ-পরিচালক	২২/০৪/২০১৮ হতে ৩০/০৬/২০১৯	অতিরিক্ত	না	-

১৬। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
(ক)	হৃদরোগ রোগীর চিকিৎসা, নিয়ন্ত্রণ, প্রতিরোধ ও পুনর্বাসনের জন্য ৫০ বেডের আধুনিক কার্ডিয়াক হাসপাতাল গঠন;	(ক)	হৃদরোগ রোগীর চিকিৎসা, নিয়ন্ত্রণ, প্রতিরোধ ও পুনর্বাসনের জন্য ৫০ বেডের আধুনিক কার্ডিয়াক হাসপাতাল নির্মিত হওয়ায় এ উদ্দেশ্য অর্জন হয়েছে;
(খ)	হৃদরোগীদের জন্য প্রয়োজনীয় আধুনিক টেস্টের সুযোগ তৈরি করা;	(খ)	হৃদরোগীদের জন্য প্রয়োজনীয় আধুনিক টেস্টের সুযোগ তৈরীর লক্ষ্যে যে সকল যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে তার মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটি যন্ত্রপাতি পরিচালনার জন্য কারিগরি জ্ঞানসম্পন্ন জনবল না থাকায় তা অব্যবহৃত অবস্থায় রয়েছে। ফলে প্রকল্পের এ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি;
(গ)	৩০% দরিদ্র রোগীদের বিনামূল্যে বহিঃ বিভাগ ও অভ্যন্তরীণ বিভাগের সেবা প্রদান এবং বিনামূল্যে বিভিন্ন টেস্টের ও অন্যান্য সুবিধা প্রদান করা এবং নীতিমালা অনুযায়ী খরচ কমানো ও বাড়ানোর ব্যবস্থা করা;	(গ)	৩০% দরিদ্র রোগীদের বিনামূল্যে বহিঃ বিভাগ ও অভ্যন্তরীণ বিভাগের সেবা প্রদান এবং বিনামূল্যে বিভিন্ন টেস্টের ও অন্যান্য সুবিধা প্রদান করা। অভ্যন্তরীণ বিভাগের সেবা প্রদান অদ্যাবধি শুরু হয়নি। ফলে জনসাধারণ যথাসময়ে প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে বিধায় এ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি;
(ঘ)	গণমাধ্যম ব্যবহার করে সেমিনার এবং ওয়ার্কশপের মাধ্যমে হৃদরোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা;	(ঘ)	গণমাধ্যম ব্যবহার করে সেমিনার এবং ওয়ার্কশপের মাধ্যমে হৃদরোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করায় প্রকল্পের এ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে;
(ঙ)	ডাক্তার, নার্স এবং প্যারামেডিক্স কর্মীদের প্রশিক্ষণ প্রদান; এবং	(ঙ)	ডাক্তার, নার্স এবং প্যারামেডিক্স কর্মীদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্য থাকলেও অদ্যাবধি প্রশিক্ষণ প্রদান করা সম্ভব না হওয়ায় প্রকল্পের এ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি; এবং
(চ)	কার্ডিও ভাস্কুলার রোগের উপর উন্নত গবেষণা কাজ চালানো।	(চ)	কার্ডিও ভাস্কুলার রোগের উপর উন্নত গবেষণা কার্যক্রম পরিচালনা করা সম্ভব না হওয়ায় প্রকল্পের এ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি।

১৭। **<u>উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:</u>** হাসপাতালটি সম্পূর্ণভাবে চালু না হওয়ায় হাসপাতালের বাস্তবায়ন কাজ, মেডিকেল যন্ত্রপাতি ও অন্যান্য ইকুইপমেন্টসমূহ ক্রয় করা হলেও হাসপাতালটি পূর্ণভাবে এখনও চালু হয়নি। ফলে প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি মর্মে প্রতিয়মান হয়।

১৮। **<u>সুপারিশ:</u>**

১৮.১ প্রকল্পের উদ্দেশ্যে অনুযায়ী ক্রয়কৃত অব্যবহৃত মেডিকেল যন্ত্রপাতির যথাযথ ব্যবহারের বিষয়ে নির্দেশনা প্রদান করার পাশাপাশি তার শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৮.২ ভবনের বারান্দা ও জানালা দিয়ে বিভিন্ন ফ্লোরে পানি জমে মেডিকেল যন্ত্রপাতি আংশিক নষ্ট অবস্থায় থাকতে দেখা গেছে। যন্ত্রপাতি ও আসবাবপত্র রক্ষার্থে ভবনের অভ্যন্তরে যাতে পানি প্রবেশ করতে না পারে জরুরীভিত্তিতে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৩ ভবনের সম্মুখভাগে (ভবনের ওয়ালে) ও মূল গেইটে স্থাপনকৃত সাইনবোর্ডে সরকারের অংশীদারিত্বে/অনুদানের বিষয়টি উল্লেখ করে সাইনবোর্ড সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৪ হাসপাতালের সকল কার্যক্রম (ইনডোর, আউটডোর) জরুরিভিত্তিতে চালু করার উদ্যোগ নিতে হবে। এ ব্যাপারে বাস্তবায়নকারী সংস্থা ও মন্ত্রণালয় হতে সঠিক নির্দেশনা প্রদান করতে হবে;

১৮.৫ অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত BSR আইএমইডি'তে প্রেরণের বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালকে নিশ্চিত করতে হবে;

১৮.৬ ০৩ (তিন) বছরে বাস্তবায়নের জন্য অনুমোদিত প্রকল্পে ০৬ জন প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলীর বিষয়টি পরিহার করতে হবে। এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং

১৮.৭ ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালে প্রত্যাশী সংস্থা কর্তৃক হারাহারি ব্যয় নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।